

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৬ তম বছর

আনলাইন সংস্করণঃ www.jagardaily.com

JAGARAN ■ 17 November, 2019 ■ আগরতলা, ১৭ নভেম্বর, ২০১৯ ইং ■ ৩০ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

রাফাল নিয়ে মিথ্যাচার, বিক্ষোভ মিছিল ও রাহুলের কুশপুতলিকা দাহ পোস্ট অফিস চৌমুহনীতে

অনুমতি না নিয়ে ফাঁসল যুব মোর্চা, কংগ্রেসের চাপে তিনজনের বিরুদ্ধে মামলা নিল পুলিশ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। রাফাল নিয়ে মিথ্যাচারের প্রতিবাদে বিজেপি যুবমোর্চা আগরতলায় কংগ্রেস ভবনের সামনে রাহুল গান্ধীর কুশপুতলিকা দাহ করেছে। এর প্রতিবাদে কংগ্রেস আজ সন্ধ্যার পর পোস্ট অফিস চৌমুহনীতে রাস্তা অবরোধ করেছে। পশ্চিম আগরতলা থানার সামনে বিনা অনুমতিতে বিজেপি যুব মোর্চা কীভাবে রাহুল গান্ধীর কুশপুতলিকা দাহ করেছে, প্রশ্ন তুলে এ জন্য পুলিশকে ব্যবস্থা নিতে হবে বলে কংগ্রেস দাবি জানিয়েছে। পুলিশ স্বীকার করেছে, বিজেপি যুবমোর্চার কংগ্রেস ভবনের সামনে রাহুল গান্ধীর কুশপুতলিকা দাহ করার অনুমতি দেওয়া হয়নি। তাই বিজেপি যুবমোর্চার প্রদেশ সভাপতি টিঙ্কু রায়, সাধারণ সম্পাদক ডিকি প্রসাদ এবং সহ সভাপতি জয়নাল মাসুদের বিরুদ্ধে পুলিশ মামলা করেছে। পুলিশ



শনিবার কংগ্রেস ভবনের সামনে রাহুল গান্ধীর কুশপুতলিকা দাহ করল যুব মোর্চা (বামে) এবং পরে এর প্রতিবাদে যুব কংগ্রেসের কর্মীরা পথ অবরোধ করেন (ডানে)। ছবি নিজস্ব।

কংগ্রেস কর্মীদের আশস্ত করেছে, ওই তিনজনকে গ্রেফতার করা হবে। এর পরই কংগ্রেস রাস্তা অবরোধ প্রত্যাহার করে নেয়। শনিবার ত্রিপুরা বিজেপি যুবমোর্চা লোকসভা নির্বাচনের আগে রাফাল নিয়ে কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধী মিথ্যাচারের অভিযোগে বিক্ষোভ মিছিল বের করেছে। প্রচুর যুবকমী ওই মিছিলে পা মিলিয়েছেন। মিছিলটি আগরতলায় পোস্ট অফিস চৌমুহনীস্থিত কংগ্রেস ভবনের সামনে এসে যুবকমীরা রাহুল গান্ধীর কুশপুতলিকা দাহ করেছেন। এ-বিষয়ে যুবমোর্চা সভাপতি টিঙ্কু রায় বলেন, দুর্নীতি এবং



কেন্দ্রকারিতা নিমজ্জিত নেতারা প্রথানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে রাফাল নিয়ে মিথ্যাচার করেছে। সুপ্রিমকোর্টের রায়ে তা প্রমাণিত হয়েছে। তিনি বিক্রম করে বলেন, ইউপিএ আমলের ৬০ মাসে ৬০ জন মন্ত্রী জেলে গিয়েছেন। এখন তাঁরাই স্বচ্ছ প্রশাসনের বিরুদ্ধে আঙুল তুলছেন। তিনি বলেন,

রাহুল গান্ধীর মিথ্যাচারের বিরুদ্ধে আজ তাঁর কুশপুতলিকা কংগ্রেস ভবনের সামনে দাহ করা হয়েছে। আজকের ঘটনায় তেলবেগুনে জ্বলে ওঠেন কংগ্রেস কর্মীরা। তাঁরা পশ্চিম আগরতলা থানার বাইরে বিক্ষোভ প্রদর্শন করেন। কংগ্রেসের এক প্রতিনিধি দল পুলিশের সাথে কথা বলতে থানার ভেতরে যান। পুলিশের সাথে কথা বলতেন প্রাক্তন বিধায়ক গোপাল রায় পশ্চিম জেলা অতিরিক্ত পুলিশ সুপার মিসিরলাল দাসের কাছে জানতে চান, আপনার বাড়ির সামনে আপনার অভিভাবকের কুশপুতলিকা দাহ করা, এটা কি রাজনৈতিক শিষ্টাচার গোপালবাবু দাবি **৬ এর পাতায় দেখুন**

নাগেরজলা ও রাখানগরে মোটর শ্রমিকদের বিবাদ

যান চলাচল ব্যত, দুর্ভোগ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। দুই শ্রমিক গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জেরে শনিবার বেশকিছুটা সময় রাজধানীর নাগেরজলা স্ট্যান্ডে যান চলাচল বন্ধ থাকে। পাশাপাশি চাপা উত্তেজনা ছড়ায়। ঘটনার বিবরণে জানা যায় রাজ্য নয়া সরকার প্রতিষ্ঠার পর ভারতীয় মজদুর সংঘ নাগেরজলা স্ট্যান্ড পরিচালনার দায়িত্ব নেয়। তারপর থেকে সবকিছু ঠিক ঠাক চলছিল। কিন্তু বেশকিছু দিন ধরে একাংশ স্বার্থায়েবী শ্রমিক সংঘবদ্ধ হয়ে নাগেরজলা স্ট্যান্ডে অশান্তি ছড়ানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই মধ্যে শনিবার স্বার্থায়েবী শ্রমিক নেতৃত্বের মতে একদল দুকুতি নাগেরজলা স্ট্যান্ডে গিয়ে ভারতীয় মজদুর সংঘের কার্যালয়ে হামলা চালায়। মারধার করা হয় ভারতীয় মজদুর সংঘ সর্মথিত শ্রমিকদের। শুধু তাই নয় ভারতীয় মজদুর সংঘের অফিস ঘরে তালি বুলিয়ে দেওয়া হয়। এই খবর পেয়ে ভারতীয় মজদুর সংঘ সর্মথিত শ্রমিকরা সংঘবদ্ধ হয়ে যায়। এরই মধ্যে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে বিশাল পুলিশ বাহিনী। পুলিশ সময়মতো ঘটনাস্থলে ছুটে আসার ফলে বড় ধরনের কোন অ ঘটন ঘটেনি। পশ্চিম জেলা অতিরিক্ত পুলিশ সুপার ও ঘটনাস্থলে ছুটে যান। পরবর্তী সময় পরিস্থিতি স্বাভাবিক হয়। জেলার অতিরিক্ত পুলিশ সুপার জ্ঞানান দুই শ্রমিক গোষ্ঠীর মধ্যে বামেলার সৃষ্টি হয়েছিল। তাদের সাথে আলোচনা করে বামেলা শেষ করে দেওয়া হয়েছিল। কিন্তু সময়ের জন্য যান চলাচল বন্ধ থাকলেও পরবর্তী সময় যান চলাচল স্বাভাবিক হয়। এদিকে, যাত্রী তোলাকে কেন্দ্র করে রাজধানীর রাখানগর স্ট্যান্ডে টমটম চালক ও অটো চালকের মধ্যে ধুমুকার কাণ্ড। ঘটনার বিবরণে জানা যায় চন্দ্রপুর গামী **৬ এর পাতায় দেখুন**

হাইকোর্টের প্রধান বিচারপতি পদে শপথ নিলেন জাস্টিস অকিল কুরেশি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন জাস্টিস অকিল কুরেশি। রাজপাল রমেশ বাইস তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করিয়েছেন। পুরাতন রাজভবনের দরবার হল-এ শপথগ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। শনিবার সকাল এগারোটা জাস্টিস অকিল কুরেশি ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নেন।



শনিবার হাইকোর্টের প্রধান বিচারপতি পদে শপথ নেন জাস্টিস অকিল কুরেশি। রাজপাল শপথ বাক্য পাঠ করান। ছবি নিজস্ব।

রাজস্বমন্ত্রী নরেন্দ্রচন্দ্র দেববর্মার, বিএসএফ, আসাম রাইফেলস-এর সাংসদ প্রতিমা ভৌমিক-সহ পদাধিকারীরা। ত্রিপুরা হাইকোর্টের প্রাঙ্গণের শীর্ষ আধিকারিক এবং পঞ্চম **৬ এর পাতায় দেখুন**

বর্তমান রাজ্য সরকার সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করে : মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। বর্তমান রাজ্য সরকার সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করে। কারণ গণতন্ত্রের ভিত্তকে শক্তিশালী করতে হলে সংবাদপত্রের স্বাধীনতা থাকা একান্ত আবশ্যিক। শনিবার আগরতলা প্রেসক্লাবে জাতীয় প্রেস দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্রব কুমার দেব একথা বলেন। তিনি আরও বলেন সরকারের কোন ভুল ত্রুটি থাকলে সেগুলি ইতিবাচক মনোভাব নিয়ে প্রকাশ করতে সাংবাদিকদের এগিয়ে আসা প্রয়োজন। এদিন সেমিনারে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে যেসকল উন্নয়নমূলক কাজ হচ্ছে সেগুলি ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে

সংবাদ পরিবেশিত হোক তা রাজ্য সরকার চায়। সম্প্রতি কালে বিভিন্ন সংবাদপত্রে বেশ কয়েকটি সংবাদের বিষয়বস্তু উল্লেখ করে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন পাঠকদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। প্রথম থেকে সঠিক তথ্য জেনে যদি সংবাদ পরিবেশন করা হত তাহলে এই বিভ্রান্তি সৃষ্টি হত না। তিনি বলেন, কোন সংবাদ পরিবেশনার সময় সঠিক ও বস্তুনিষ্ঠ তথ্য থাকলেই তা সত্যতার সঙ্গে গ্রহণ করে। মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান রাজ্য সরকার দায়িত্ব নেওয়ার পর সাংবাদিকদের কল্যাণে বিভিন্ন সিদ্ধান্ত ইতিমধ্যেই কার্যকর করেছে। এছাড়া সাংবাদিকদের আবাসনের জন্য জমি দেওয়ার **৬ এর পাতায় দেখুন**

ভূবনবনে বাড়িতে ঢুকে গুলি চালান দুষ্কৃতীরা, ঘায়েল মহিলা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। রাতের অন্ধকারে রাজধানীতে দুষ্কৃতীদের দৌরাঘা বাড়ছে। প্রায় প্রতিদিনই কোনও কোনও ঘটনায় সাধারণ জনগণ তাদের শিকার হচ্ছেন। শনিবার রাত ৮টা নাগাদ মধ্য ভূবনবনে এক বাড়িতে ঢুকে গুলি চালিয়েছে দুষ্কৃতীরা। গুলীর আঘাতে গুরুতর আহত হন এক মহিলা। মহিলার নাম শিবানী সরকার ওরফে উমা সরকার। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে কয়েকটি কার্তুজের খোল উদ্ধার করেছে। আহত মহিলাকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকার টানটান উত্তেজনা বিরাজ করছে। কী কারণে এই গুলী চালানার ঘটনা তা জানা যায়নি। পুলিশ ঘটনার তদন্তে নেমেছে। রাত অবধি গ্রেপ্তারের খবর নেই।

তবে একটি সূত্রে জানা গিয়েছে, এই ঘটনার পেছনে মাফিয়া গোষ্ঠী জড়িত রয়েছে। তবে কেন এই গুলি চালানোর ঘটনা তা জানা সম্ভব হয়নি। এলাকায় পুলিশের টহলদারী বাড়ানো হয়েছে। নানা জয়গায় তন্মাসী অভিযান চালানো হচ্ছে বলে জানা গিয়েছে।

নাবালিকাকে ধর্ষণের দায়ে যুবকের যাবজ্জীবন কারাদণ্ড

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। নাবালিকা ধর্ষন মামলায় মাত্র ৬ মাসের মধ্যেই যাবজ্জীবন কারাদণ্ডের রায় শোনালেন বিশেষ আদালতের বিচারক। ঘটনার বিবরণে জানা যায় গত ৯ মে বিচারক বেলা ১০ বছরের নাবালিকাটি বাড়িতে একা ছিল। তার মা বাবা দুজনেই জন্মের কাজে ব্যস্ত ছিল। সেই সুযোগে প্রতিবেশী সবিরাম রিয়াং বিস্কুটের লোভ দেখিয়ে মেয়েটিকে তার বাড়িতে নিয়ে গিয়ে ধর্ষন করে। পরবর্তী সময় নাবালিকাটি তার মা বাবাকে কিছুই বলেনি। নাবালিকা মেয়েটি অসুস্থ হয়ে পরে। তার মা-বাবা মেয়েটিকে আসামের মাকুন্দা হাসপাতালে নিয়ে যায়। পরে চিকিৎসকরা পরিক্ষা নিরীক্ষা করে মেয়েটি মা-বাবাকে ধানায় ঘটনার বিবরণে জানানোর জন্য বলে। এরপর ১২ মে, দামছড়া থানায় মামলা দায়ের করা হয়। পরবর্তী সময় বিশেষ আদালতে মামলা দায়ের হয়। তদন্ত **৬ এর পাতায় দেখুন**

এডিসিকে স্টেট অথবা টেরটোরিয়াল কাউন্সিলে উন্নীত করার দাবী কংগ্রেসের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। এডিসির অধিক ক্ষমতায়নের প্রশ্নে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদকে ত্রিপুরা টেরটোরিয়াল কাউন্সিল অথবা স্বশাসিত স্টেট কাউন্সিলে উন্নীত করার দাবি তুলেছে কংগ্রেস। শনিবার সাংবাদিক সম্মেলনে এই দাবি তুলে পিসিসি কনভেনের সুবল ভৌমিক জানিয়েছেন, এই কর্মে সংসদের সংবিধান কমিটির সদস্য রাজসভার সাংসদ আনন্দ শর্মার কাছে মেমোরেন্ডাম পাঠানো হয়েছে। এদিন তিনি বলেন, জনজাতিদের উন্নয়নে এডিসির অধিক ক্ষমতায়ন খুব প্রয়োজন। তাই এডিসিকে টেরটোরিয়াল কাউন্সিল অথবা স্বশাসিত স্টেট কাউন্সিলে উন্নীত করা হোক। তিনি বলেন, সংবিধানের যষ্ঠ তফশিলের ধারা ৩-এর অধীনে এডিসি-কে আনা হলে অধিক ক্ষমতা ভোগ করা সম্ভব হবে। তাঁর মতে, এডিসি-কে সরাসরি অর্থ প্রদান খুবই জরুরি। সেই মোতাবেক সংবিধানের সংশোধনও

প্রয়োজন। এদিন তিনি এডিসি-তে নির্বাচিত এবং মনোনীত সদস্য সংখ্যা দ্বিগুণ করার দাবি জানিয়েছেন। তিনি বলেন, বর্তমানে এডিসিতে ২৮ জন নির্বাচিত এবং দুজন মনোনীত সদস্য রয়েছেন। তাঁর দাবি, এডিসিতে ৫৬ জন নির্বাচিত এবং ৪ জন মনোনীত সদস্য থাকতে হবে। এদিকে, সংবিধানের অষ্টম তফশিলে ককবরকের অন্তর্ভুক্তির দাবি জানিয়েছেন তিনি। পাশাপাশি, নাগরিকত্ব সংশোধনী বিলের তিনি বিরোধিতা করেছেন। সুবলবাবু এডিসি নির্বাচন ভারতের নির্বাচন কমিশনের পরিচালনায় হোক, সেই দাবি তুলেছেন। সাথে তিনি অর্থনৈতিক উন্নতির প্রশ্নে সংবিধানের ধারা ২৭এ এবং ২৮০ কার্যকর করার দাবি জানিয়েছেন। তিনি জানান, সাংসদ আনন্দ শর্মাকে পাঠানো মেমোরেন্ডামে ওই সমস্ত বিষয় তুলে ধরা হয়েছে। সাথে ওই সমস্ত দাবি কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা নিতেও অনুরোধ জানানো হয়েছে।

বিএসএফের হাতে আক্রান্ত যুবক

নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১৬ নভেম্বর। ফের বিএসএফ-এর হাতে আক্রান্ত যুবক। আক্রান্ত যুবকের স্ত্রীকে জিবি হাসপাতালে মৃত্যু হয়। নিহত যুবকের নাম মনির মিঞা। বয়স ১৯। বাবা মানিক মিঞা। ঘটনা ঘটে পাঁচদিন আগে মধুপুর থানায়ইন কামখানা সীমান্ত এলাকায়। জানা গেছে, সে তার এক আত্মীয় বাড়ি থেকে বাড়ি ফেরার পথে বিএসএফ তার পথ আটকায়। এবং তাকে পাচারকারী সন্দেহে এক বিএসএফ জওয়ান তাকে মারতে শুরু করে। উপস্থিত অন্য জওয়ানরাও তাকে মারতে সাহায্য করেছে। রক্তাক্ত অবস্থায় মনির মাটিতে লুটিয়ে পড়ে। প্রথমে তাকে নেওয়া হয় বিশালগড় মহকুমা **৬ এর পাতায় দেখুন**

জাতীয় প্রেস দিবসে প্রবীণ সাংবাদিক সঞ্জীব দেব সংবর্ধিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। জাতীয় প্রেস দিবসে রাজ্যের প্রবীণ সাংবাদিক সঞ্জীব দেবকে সংবর্ধনা দিল ত্রিপুরা সরকার। সাংবাদিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য সঞ্জীব দেবকে সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার আগরতলা প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্রব কুমার দেব বরিত্ত সাংবাদিক সঞ্জীব দেবের হাতে সংবর্ধনার পত্রিকা শাল ও মানপত্র তুলে দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এম. এল. দে, অধিকর্তা রতন বিশ্বাস সহ অন্যান্যরা। প্রসঙ্গত, জাতীয় প্রেস দিবসে রাজ্য সরকারের তরফ থেকে একজন প্রবীণ সাংবাদিককে প্রতিবছর সংবর্ধনা দেওয়া হয়।



প্রবীণ সাংবাদিক সঞ্জীব দেবের হাতে সংবর্ধনার পত্রিকা মানপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী বিপ্রব কুমার দেব। ছবি নিজস্ব।

সঞ্জীব দেব রাজ্যের একজন বরিত্ত সাংবাদিক। দক্ষতা ও সুনামের বর্তমানে **৬ এর পাতায় দেখুন**

বিএসএনএলে স্বেচ্ছাবসরের প্রক্রিয়া শুরু, সারা দেশে ৭৮,৯১৭টি আবেদন, রাজ্যে ১৩৫ জনের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর। দেশের সর্ববৃহৎ টেলিকম সংস্থা বিএসএনএল-এর আর্থিক দৈন্যতা কাটাতে কর্মীদের স্বেচ্ছাবসরে পাঠানোর প্রক্রিয়া শুরু হয়েছে। এতে বাদ যাবে না ত্রিপুরাও। সারা দেশে প্রায় ১ লক্ষ ৭৬ হাজার কর্মী বিএসএনএল-এ কর্মরত রয়েছেন। তাঁদের মধ্যে প্রায় ১ লক্ষ ৪ হাজার ৪৭১ জন স্বেচ্ছাবসরে যাওয়ার জন্য যোগ্য। শুধু তাই নয়, এখন পর্যন্ত ৭৮ হাজার ৯১৭ জন স্বেচ্ছাবসরে যেতে আবেদন জানিয়েছেন। অন্যান্য, কর্মীদের যে কোনও ধরনের লোকসান এড়াইবার সংসর্গে প্রয়াস নিয়েছে কেন্দ্রীয় সরকার। এ-ক্ষেত্রে বিএসএনএল কর্মীরাও খুব একটা অসন্তুষ্ট নন। কারণ, স্বেচ্ছাবসরে যে স্কিম

এনেছে কেন্দ্র, এতে কর্মীদের লোকসানের বিষয়টি এড়ানো গেছে বলে মনে করা হচ্ছে। এদিকে, ত্রিপুরায় প্রায় ১৭৯ জন এমএন কর্মী রয়েছেন যাদের বয়স পঞ্চাশোর্ধ। তাঁদের স্বেচ্ছাবসরে পাঠানোর প্রক্রিয়া চলছে। এখন পর্যন্ত ১৩৫ জন স্বেচ্ছাবসরে যাওয়ার জন্য আবেদন জানিয়েছেন। ২০০০ সালের ১ অক্টোবর যাত্রা শুরু হয়েছিল দেশের সর্ববৃহৎ টেলিকম সংস্থা বিএসএনএল-এর। দীর্ঘ পথ পেরিয়ে আজ ওই সংস্থা আর্থিক দৈন্যতায় ভুগছে। প্রতিযোগিতার বাজারে বেশকিছু টেলিকম সংস্থার সাথে কোনওভাবেই পেরে উঠতে পারছে না বিএসএনএল। স্বাভাবিকভাবেই লোকসানে চলা

একটি সংস্থাকে নিয়ে নতুনভাবে ভাবতে শুরু করে কেন্দ্রীয় সরকার। তাতে, প্রথমেই এমটিএনএল এবং বিএসএনএল-এর সংযুক্তিকরণের সিদ্ধান্ত নেয় বিএসএনএল-এর কর্মীদের স্বেচ্ছাবসরে পাঠাতে। এই প্রক্রিয়া শুরু করার আগে বিএসএনএল কর্মীদের সমস্ত স্বেচ্ছাবসরের সাথে স্ববিস্তারে আলোচনা করে সরকার। সাথে স্বেচ্ছাবসরের একটি স্কিম তৈরি করে কেন্দ্রীয় টেলিকম মন্ত্রক। ওই স্কিমে স্বেচ্ছাবসর গ্রহণকারী সমস্ত কর্মীর আর্থিক বিষয়ের প্রতি পুরো খোয়াল রাখা হয়েছে। এতে দেখা গেছে, বিএসএনএল কর্মীরা স্বেচ্ছাবসরে গেলেও তাঁদের আর্থিক লোকসান খুব একটা হচ্ছে না। ফলে কর্মী সংগঠনগুলি কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের সাথে সহমত পোষণ করে এবং স্বেচ্ছাবসরে পাঠানোর সিদ্ধান্তে ঐকমত্যে আসে। স্বেচ্ছাবসর স্কিম অনুযায়ী, ৫০ বা পঞ্চাশোর্ধ বিএসএনএল কর্মীদের জন্য ৪ নভেম্বর থেকে আবেদন প্রক্রিয়া শুরু করার আগে আবেদন জানানোর অন্তিম দিন ও



হরেকরকম



হরেকরকম



হরেকরকম

গরমে চর্মরোগ? এই রোগের নিরাময় করতে কি করা উচিত

গরম কাল মানেই নানান রকম রোগের প্রকোপ। বিশেষ করে চর্মরোগের। হাঁ, চর্মরোগের জন্য গরম একটা আদর্শ মৌসুম। কেননা এই সময়ে শরীরের ঘাম প্রচুর হয়। আর সে ঘামের কারণেও জন্ম নেয় নানান রকম অসুখ বা চর্মরোগ। ঘামাচির কথাটাই ধরুন। গরম এলে অনেকেরই বাড়ে এই ঘামাচির যন্ত্রণা, আবার শীত এলেই কিন্তু যায়। ঘামাচি ছাড়াও আরো কিছু বেশিরিয়াস ধর্মের চর্মরোগ আছে যারা কিনা গরমে বেড়ে যায়। দাদ, ডুলি, ইত্যাদি। সেসময় নিয়েই আজকের আলোচনা। ঘামাচি— গরমকালের একটি বিরতকর রোগের নাম হচ্ছে ঘামাচি। এ রোগটি গরমকালেই হয়। শীত এলে আপনা আপনিই রোগটি ভালো হয়ে যায়। চিকিৎসা বিজ্ঞানের ভাষায় এই রোগটির নাম হল মিলিয়ারিয়া। এটি একটি ঘর্মগ্রন্থির রোগ। গ্রীষ্মকালে দেহ থেকে প্রচুর পরিমাণে ঘাম নিঃসরণ হতে থাকে ফলে তখনকার এত বেশি পরিমাণ নিঃসরণ ঘর্মগ্রন্থির নালীকে পূরণ করে ত্বকের নিচে এসে জমা হতে থাকে, যা জলভর্তি ছোট ছোট দানার আকারে ফুটে উঠতে দেখা যায় এবং যা চুলকায় এবং তাতে

সামান্য জ্বালাপোড়া ভাবও থাকে। মূলত এটিই হচ্ছে ঘামাচি। এই রোগ মুক্ত থাকার সাথে অর্থনৈতিক স্বচ্ছলতার একটা সম্পর্ক আছে। যেমন ধরুন কোনো ব্যক্তি যদি ঘরের ফিসে এবং গাড়িতে এয়ারকুলার ব্যবহার করবেন তবে বলা যায়, তার এ রোগ হওয়ার সম্ভাবনা গরমকালেও নেই। যারা তা পারেন না তাদের সব সময়ই ঠাণ্ডা পরিবেশে থাকতে হবে অর্থাৎ একটি ফ্যান অথবা সার্বক্ষণিকভাবে মাথার ওপরে রাখার ব্যবস্থা করতে হবে। খোলামেলা অর্থাৎ আবদ্ধ ঘর না হওয়াই বাঞ্ছনীয়। ঘামাচি তিন ধরনের হয়। প্রথমে আসা যায় মিলিয়ারিয়া, কুস্টালিনা এ ক্ষেত্রে ত্বক দেখতে প্রায় স্বাভাবিক বলেই মনে হয়। সাধারণত তিন ধরনের হয়। প্রথমে আসা যায় মিলিয়ারিয়া, কুস্টালিনা এ ক্ষেত্রে ত্বক দেখতে প্রায় স্বাভাবিক বলেই মনে হয়। সাধারণত কোনো উপসর্গ থাকে না। দ্বিতীয়টি অর্থাৎ মিলিয়ারিয়া, রংবরার ক্ষেত্রে ঘর্মনালিতে বদ্ধতা দেখা দেয় এবং এক্ষেত্রে ত্বকের ওপরে ছোট ছোট অসংখ্য গোটা। হতে দেখা যায় এবং গোটার মাথার জলের দানা তাকতেও পারে, আবার নাও থাকতে পারে এবং

ত্বক স্বাভাবিকের চেয়ে আপেক্ষিকভাবে লালচে রঙের দেখা যায়। এক্ষেত্রে থাকে প্রচণ্ড চুলকানি, যা শরীরের মূল অংশ অর্থাৎ বুক, পিঠ ও ঘাড়ের বেশি হতে দেখা যায়। তৃতীয়টি বা মিলিয়ারিয়া প্রফাভা এর ক্ষেত্রে ঘর্মনালির বদ্ধতা থাকে ত্বকের অনেক গভীরে। পলে ত্বক দেখতে অনেকটা স্বাভাবিক ধরনের বলে মনে হতে পারে। এতিনটির মধ্যে দ্বিতীয়টির আক্রমণ হয় বেশি তীব্র। একে র্যাশ ও বলা হয়ে থাকে। গরমেও স্যাতস্যেতে আবহাওয়ায় এ রোগ বেশি হয়। তেল মাখলে এ রোগের তীব্রতা বেড়ে যেতে পারে। যারা এ রোগে ভুগছেন তারা গরম স্যাতস্যেতেও আবদ্ধ পরিবেশে এড়িয়ে চলুন। প্রয়োজন হলে একজন চর্মরোগ বিশেষজ্ঞের পরামর্শ নিন। দাদ দাদ দেহের যে কোনো স্থানে দেখা দিতে পারে। যে স্থানে দেখা দেয় সে স্থানটিতে গোলাকার চাকার মতো দাগ দেখা যায়। যার মধ্যস্থানের চামড়া প্রায় স্বাভাবিক আকারে দেখতে হলেও দাগের পরিধিতে ছোট ছোট গোটা দেখা যায় এবং দাগের পরিধি উঁচু বিভক্ত লাইন আকারে লক্ষ্য করা যায়। চুলকালে সেখান থেকে কব খরতে থাকে। শরীরে যে কোনো

স্থানে এর আক্রমণ বেশি ঘটতে দেখা যায়। এক হিসেবে দেখা গেছে আমাদের দেশে প্রতি বছর অন্ততপক্ষে ৭০-৮০ হাজার লোক রোগে আক্রান্ত হয়ে থাকেন। আবার বিশ্বব্যাপী এক পরিসংখ্যান থেকে দেখা গেছে বিশ্বের এক তৃতীয়াংশ লোক তাদের জীবদ্দশায় কখনো না কখনো এ রোগে আক্রান্ত হয়ে থাকেন। ছুটি এটিও একটি ছত্রাকজনিত চর্মরোগ। ছত্রাকের যে জীবাণু দিয়ে এ রোগটি হয় তার নাম ম্যালাছাজিয়া ফার ফার। গরমকালে এ রোগটি হয় এবং শীতকালে এলে এমনিতেই যেন মিলিয়ে যায়। গরমকালে এ রোগ হওয়ার কারণ হচ্ছে ত্বক ঘামে ভেজা থাকে ফলে ভেজা স্থানে এই রোগের জীবাণুর আক্রমণ ঘটে। এ রোগে আক্রান্ত স্থানে হালকা, বাদামি, সাদা গোলাকৃতির দাগ হতে দেখা যায়। সাধারণত বুক, গলার দুপার্শ্ব, ঘাড় পেছন দিকে, পিঠের ওপরের অংশ, বগলের নিচে, এমনকি সারা শরীরেও হয়ে থাকতে পারে। এরোগে আক্রান্ত ত্বক দেখতে সাদা হয় তাই অনেকে আবার এই ক্ষেত্রে বলেও ভাবতে শুরু করে। কিন্তু প্রকৃতপক্ষে শ্বেতির সাথে এর কোনো সম্পর্ক নেই।



ভালোবাসার অনুভূতি যে সম্পূর্ণ আলাপ তা কে না জানে। গভীর ভালোবাসা মনে সুখের দোলা দিয়ে যায়। আর প্রকৃতপক্ষে সুখই সুস্বাস্থ্য বয়ে আনে। সুখে থাকার জন্য ভালো থাকা প্রয়োজন। আর ভালো থাকতে হলে ভালোবাসার বিকল্প নেই। ভালোবাসা ব্যাপারটা পুরোটাই মানসিক। তবে ভালোবাসা মনের অন্তর্নিহিত সূক্ষ্ম ঘটনা হলেও তা শরীরের ওপর অনেক প্রভাব ফেলে। নতুন সম্পর্কের অস্থিতশীলতা যদিও দৃষ্টান্তের কারণ, তবে দীর্ঘদিনের মজবুত ও পরিতৃপ্ত ভালোবাসার সম্পর্ক স্বাস্থ্য রক্ষায় ভীষণ উপযোগী বলেই মনে করেন মনোবিজ্ঞানীরা। এন সাইক্লোপ্যাডিয়া মানব সম্পর্ক বিভাগের সহ সম্পাদক জানান, কারো সঙ্গে সম্পর্কযুক্ত হওয়া, কারো সম্মান ও মূল্য পাওয়া ব্যাপারগুলো মানুষের মনে একাত্মতাবোধের জন্ম দেয়। কাউকে ভালোবাসা ও কারো

ভালোবাসা পাওয়া, দুটোর মধ্যেই রয়েছে অনাবিল আনন্দ ও সুখানুভূতি। শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উপর ভালোবাসার প্রভাব কতটা রয়েছে তা নির্ভর করে কিছু যুক্তিও দাঁড় করিয়েছেন। চলুন দেখে নিই। ডাক্তার বাড়ির ছুটি রেসেস জানান, আসলে কারো কাছেই রে সঠিক ব্যাখ্যা নেই যে, প্রেমের সম্পর্ক কেন স্বাস্থ্যের জন্য ভালো। একটি গবেষণায় দেখেছেন, বিবাহিত দম্পতিদের সচরাচর ডাক্তারের কাছে যেতে হয়। বলেন, ভালো যুক্তি হিসেবে বলা যায়, মানুষ জন্মগতভাবেই আত্মিক চাহিদা নিয়ে আসে। আর যখন সেটা পূরণ হয় তখন স্বাভাবিকভাবেই তিনি ভালো থাকেন। এছাড়া যত্ন ও মমতাও গুরুত্বপূর্ণ ব্যাপার। হতশ্রু তোমায় বিদায় কারো প্রিয় বা ভালোবাসার পাত্র হওয়ার অনুভূতি ব্যক্তিকে গর্বিত করে। এটি মস্তিষ্কে সুখানুভূতির জন্ম দেয়। যখন কেউ তার প্রিয়

মানুষের ছবি দেখেন, তখন তার মস্তিষ্কে ডোপামিনের কার্যক্ষমতা বেড়ে যায়। যা তার মধ্যে মানসিক শক্তি, আনন্দ ও আশার উন্মেষ ঘটায়। ফলে ব্যক্তি সবসময় উৎফুল্ল ও প্রাণবন্ত থাকে। স্বাভাবিক রক্তচাপ সৃষ্টি যুগলদের রক্তচাপ স্বাভাবিক থাকে। গবেষকরা দেখেছেন সৃষ্টি দম্পতিদের রক্তচাপের মাত্রা অবিবাহিত তুলনায় অনেক বালো। যেসব অবিবাহিত ছেলেমেয়ে বা সামাজিক কর্মকাণ্ডে বালো অবদান রাখেন, তাদের রক্তচাপ ভালো হলেও দম্পতিদের মতো এতো ভালো মাত্রায় থাকে না। নেই কোনো মানুষ গভীরভাবে মিলিত থাকে বলে মানসিক দুশ্চিন্তা কমে যায় অনেকাংশেই।

প্রেমিক প্রেমিকাদের মস্তিষ্কে এমআরআই স্ক্যান করে পরীক্ষা চালানো হয়েছে। সেখানে তারা নতুনদের সঙ্গে দীর্ঘমেয়াদি সম্পর্ক করে দেখেন, দুটি পক্ষেরই মধ্যে প্রায় একই প্রগাঢ়তা রয়েছে। ব্যথানাশক সাম্প্রতিক একটি গবেষণার ফল অনুযায়ী, প্রিয় মানুষের হাত ধরলে বা তার সংস্পর্শে এলে ব্যথা অনেকটাই নিরসন হয়। আশ্চর্য হলেও সত্যি, প্রিয় মানুষের স্পর্শে শরীরে এক প্রকার ইলেকট্রিক্যাল শক তৈরি হয়, যার ফলে ব্যথা দূর হয়। সুস্থ হৃদয় পেনসিলভানিয়ার পিটসবার্গ বিশ্ববিদ্যালয়ের একটি গবেষণায় দেখা গেছে, ভালো বৈবাহিক সম্পর্ক হৃদপিষ্টকে সুস্থ রাখে। ক্যান্সার রোধক ভালোবাসার কাছে হার মেনেছে সেলের প্রাকৃতিক প্রতিরোধক বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের আইওয়া বিশ্ববিদ্যালয়ের গবেষকরা। তাহলে আর কি। ভালো থাকতে হলে সুস্থ তো থাকতেই হবে। আর সুস্থ থাকতে ভালোবাসুন প্রাণভরে।




নিজেকে লম্বা কিভাবে দেখাবে

লম্বা হওয়ার সহজ উপায় হচ্ছে হাঁটুচালা করার সময়, বমার সময় সঠিকভাবে ঘাড় ও মেরুদণ্ড সোজা রাখবেন। ঘুমানোর সময়ও ঘাড় সোজা রেখে ঘুমানোর চেষ্টা লম্বা হবার ক্ষেত্রে সহায়তা করে থাকে। যাদের উচ্চতা কম, তাদের অনেকেই নিজের খর্বতা নিয়ে হীনমন্যতা ভোগেন। কম উচ্চতার জন্য কেউ কেউ খাবার ব্যক্তিবৈজ্ঞানিকভাবেও আক্রান্ত হন। প্রাকৃতিকভাবে শরীরের উচ্চতা একটা নির্দিষ্ট বয়সের পরে আর বাড়ে না। সে ক্ষেত্রে নিজের স্বাভাবিক উচ্চতা নিয়ে সন্তুষ্ট থাকা ছাড়া উপায় থাকে না। কিন্তু মার্কিন স্টাইল বিশেষজ্ঞ উইলিয়াম লোগান জানাচ্ছেন, বিশেষ কয়েকটি উপায় অবলম্বন করলে খাটো মানুষদেরও কিছুটা লম্বা দেখায়।

ফলে উচ্চতা আরো কম বলে মনে হয়। জুতো নির্বাচনের সময় সতর্ক থাকুন। যাদের উচ্চতা কম, তাদের বড় হিলওয়াল জুতো পরার প্রবণতা থাকে। এতে একে তো গোড়ালি এবং হাঁটুর অত্যন্ত ক্ষতি হয়, পাশাপাশি আপনার জুতোর

দিকে কারোর চোখ পড়লে আপনার সর্দীরে খর্বতা আরো বেশি করে প্রকট হয়ে ওঠে এবং তার কাছে। তার চেয়ে হিলের উপরে মোটা প্যাডিং দেয়ার জুতো পরুন। এতে হাঁটুর হিলের সমস্যাও থাকবে না, অথচ উচ্চতাও বৃদ্ধি পাবে। উর্ধ্বদেহ এবং নিম্নদেহের পোশাক নির্বাচনের সময়ে একই রঙের পোশাক পরার চেষ্টা করুন। অর্থাৎ যে রঙের জামা পরছেন, সে রঙেরই অথবা তার কাছাকাছি রঙের প্যান্ট পরুন। আলো আলো রঙের জামা প্যান্ট দর্শকদের কাছে আপনার শরীরকে দুভাগে ভাগ করে দেয়। ফলে আপনার উচ্চতাও কম লাগে।

কিছু মোটামুটি অভিন্ন রঙের জামা পরলে সে সমস্যা থাকেনা। সোজা হয়ে হাঁটুন। মেরুদণ্ড সোজা রাখার পরিবর্তে আপনি যদি কুঁজে হয়ে হাঁটেন, তা হলে এমনিতেই খর্বকায় দেখাবে আপনাকে। শরীরে মেদ জমতে দেবেন না। শরীরে যখন মেদ জমে, তখন দৈর্ঘ্যের তুলনায় শরীরের প্রস্থ বেড়ে যায়। এর ফলে আপাতদৃষ্টিতে মোটা মানুষদের একটু বেঁটে মনে হয়। রোগা চেহারা লোকদের এমনিতেই একটু লম্বা লাগে। সর্বশেষ, এই সমস্যা করেও আপনার প্রকৃত উচ্চতা অবশ্য বাড়বে না। শুধুমাত্র একটু লম্বা দেখাবে। তবে এটাও মনে রাখবেন যে, দৈহিক গঠন নয়, আপনার ব্যক্তিবৈজ্ঞানিক আপনার আসল পরিচয়।



চোখ চুলকানোর সমস্যায় থেকে ঘরোয়া সমাধান

পরিবেশ দূষণ, ধূলাবালি ইত্যাদি কারণে প্রায় অনেকেরই চোখ চুলকানো বা চোখে জ্বালা পোড়া হওয়ার সমস্যা হতে দেখা যায়। যারা অতিরিক্ত চোখে হাত দিয়ে থাকেন বা চোখ ঘষাঘষি করেন তাদের এই সমস্যা আরো বেড়ে যায়। ডাক্তারি সমাধান থাকলেও চটজলদি ঘরোয়া কিছু উপায়ই চোখের এই সমস্যা থেকে মুক্তি পাওয়া যায়। স্বাস্থ্য বিষয়ক একটি ওয়েবসাইটে চোখ চুলকানোর সমস্যার ঘরোয়া কিছু সহজ সমাধান উল্লেখ করা হয়।

শশা— শশায় আছে অ্যান্টি ইরিটেশন প্রোপার্টিজ যা জ্বালা পোড়া ফোলাভাব, চুলকানো ইত্যাদি সমস্যায় দারুণকার্যকর। তাই চোখে চুলকানো বা যে কোনো সমস্যায় একটি শশা ভালোভাবে ধুয়ে, পাতলা টুকরা করে কেটে ১৫ থেকে ২০ মিনিট রেফ্রিজারেটরে রেখে দিতে হবে। ঠান্ডা হলে দুচোখের ওপর দিয়ে ১০ মিনিট রাখতে হবে। দিনে পাঁচবার এভাবে শশা ব্যবহার করলে উপকার পাওয়া যাবে। ঠান্ডা দুধ— ঠান্ডা দুধে এক টুকরো পরিষ্কার তুলনার প্যাড বা বল ভিজিয়ে চোখের চারপাশে আলতো ঘষে নিতে হবে। অথবা ভেজা প্যাডটি চোখের উপর দিয়ে রাখতে হবে। এতে চোখ ঠান্ডা হবে এবং চুলকানো কমে। সকালে এবং সন্ধ্যায় দিনে দুবার ব্যবহার উপকার পাওয়া যাবে। গোলাপ জল— চোখের সমস্যায় দারুণ একটি ঘরোয়া সমাধান হল বিশুদ্ধ গোলাপ জল। চোখের

করতে সাহায্য করে। এক কাপ বিশুদ্ধ জলের সঙ্গে এক চা চামচ লবণ মিশিয়ে অল্প সময় গরম করতে হবে যেন লবণ ভালোভাবে মিশে যায়। মিশ্রণটি ঠান্ডা হলে এক চোখ ধোয়ার জন্য ব্যবহার করতে হবে। দিনে একাধিকবার ব্যবহারে ভালো উপকার পাওয়া যাবে। স্বাস্থ্য এবং ত্বক দুয়ের জন্যই দারুণ উপকারী গ্রিন টি। চোখের সমস্যা থেকে রেহাই পেতেও গ্রিন টি ফেঁটা গোলাপজল ব্যবহারে উপকার পাওয়া যাবে। লবণ জল— চোখের চুলকানোভাবে এবং জ্বালাপোড়া কমাতে অত্যন্ত কার্যকর হল লবণ জল। লবণ জল দিয়ে চোখ পরিষ্কারের ফলে চোখে জমে থাকা যে কোনো ক্ষতিকর উপাদান পরিষ্কার হয়ে যায়। আর লবণে থাকা অ্যান্টিবায়োটিক উপাদান যে কোনো জীবাণু ধ্বংস

করে এর সঙ্গে এক চা চামচ মধু মিশিয়ে সঙ্গে আধা কাপ এন্ড্রেরবেরি ব্লুসম টি মিশিয়ে একটি মিশ্রণ তৈরি করতে হবে। যতদিন সমস্যা পুরোপুরি না ভালো হবে ততদিন দিনে দুবার মিশ্রণটি দিয়ে চোখ পরিষ্কার করতে হবে, দিনে দুবার। আলু— আলুতে থাকা অ্যাস্টিনজেন্ট উপাদান চোখ চুলকানোর সমস্যা জন্ম রেফ্রিজারেটর রাখতে হবে। এরপর ঠান্ডা টুকরটি চোখের উপর দিয়ে ১৫ থেকে ২০ মিনিট অপেক্ষা করতে হবে। দিনে দুই থেকে তিনবার এবং রাতে ঘুমাতে যাওয়ার আগে একবার এভাবে আলু ব্যবহার করলে উপকার পাওয়া যাবে।





শনিবার শিশু বিহার স্কুল ছাত্র ছাত্রী অটো মারুতী পরিবহন কমিটির উদ্যোগে ফল, মিস্তি বিতরণ করা হয়। ছবি- নিজস্ব।

ভারী তুষারপাতে বরফের তলায় আপেল বাগান, কাশ্মীরে ব্যাপক ক্ষয়ক্ষতি চাষিদের

শ্রীনগর, ১৬ নভেম্বর (হি.স.): একনাগাড়ে তুষারপাতের জেরে জনজীবন স্তর কাশ্মীর উপত্যকায়। সাদা বরফ ঢেকে গিয়েছে ভূস্পর্গ। তুষারপাতের জেরে পর্যটকদের মধ্যে খুশির আমেজ থাকলেও, মাথায় হাত আপেল চাষিদের। সাদা বরফের নিচে চাপা পড়েছে আপেল বাগান। কাশ্মীর উপত্যকায় পুলওয়ামা এবং শোপিয়ানে ভারী তুষারপাতের কারণে আপেল বাগানের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এমনিতেই শ্রমিকের অভাব, তার উপর তুষারপাতের কারণে আপেল বাগান ক্ষতিগ্রস্ত হওয়ায় মাথায় হাত আপেল চাষিদের। এ প্রসঙ্গে পুলওয়ামার চিফ হটিকালচার অফিসার আর কে কোতওয়াল জানিয়েছেন, "ক্ষয়ক্ষতির পরিমাণ জানতে একটি টিম গঠন করা হয়েছে। চাষিদের সজ্জা আর্থিক সহায়তা প্রদান করার জন্য, যত দ্রুত সম্ভব রিপোর্ট জমা দেওয়া হবে সরকারের কাছে।" সরকার কি উদ্যোগ নেয় সেই অপেক্ষায়, এখন আপেল বাগানে দাঁড়িয়ে হাউহাউ করে কাঁদছেন চাষিরা।

সততা ও স্বচ্ছ নীতির সঙ্গে আপস নেই, ডিডিসিএ প্রেসিডেন্ট পদ থেকে ইস্তফা রজত শর্মা

নয়াদিল্লি, ১৬ নভেম্বর (হি.স.): দিল্লি এবং ডিস্ট্রিক্ট ক্রিকেট অ্যাসোসিয়েশন (ডিডিসিএ)-এর প্রেসিডেন্ট পদ থেকে ইস্তফা দিলেন প্রখ্যাত সাংবাদিক রজত শর্মা। আচমকা কেন এত বড় সিদ্ধান্ত? সেই প্রশ্নের উত্তর রজত শর্মা নিজেই জানিয়েছেন।

বিস্তারিত মারফত রজত শর্মা জানিয়েছেন, সততা ও স্বচ্ছ নীতির সঙ্গে কোনও আপস চলবে না। ডিডিসিএ প্রেসিডেন্ট পদ থেকে ইস্তফা দেওয়ার পর শনিবার রজত শর্মা জানিয়েছেন, "আমার

আন্তরিকতা, সততা এবং স্বচ্ছ নীতির দ্বারা ডিডিসিএ চালানো সম্ভব নাও হতে পারে, যা আমি কোনও মুহুর্তে আপোস করতে রাজি নই।

বিস্তারিত মারফত রজত শর্মা জানিয়েছেন, "এখানকার ক্রিকেট অ্যাসোসিয়েশন সর্বদাই টানাপোড়েন ও চাপের মধ্যে থাকে। আমি মনে করি নিবেদিত স্বার্থ সর্বদাই ক্রিকেটের স্বার্থের বিরুদ্ধে সক্রিয়ভাবে কাজ করে চলেছে।" প্রসঙ্গত, প্রয়াত প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলির

প্রেসিডেন্ট নির্বাচন শ্রীলঙ্কায় ভোটারদের বাসে পাথর-হামলা, চলল গুলি

কলকাতা, ১৬ নভেম্বর (হি.স.): প্রেসিডেন্ট নির্বাচনের ভোটাগ্রহণ শুরু হওয়ার কয়েকঘণ্টার মধ্যেই শ্রীলঙ্কার উত্তর-পশ্চিমে সংখ্যালঘু মুসলিম ভোটারদের বাসে হামলা চালাল আততায়ীরা। বাস লক্ষ্য করে পাথর ছোড়ার পাশাপাশি গুলিও চালায় অজ্ঞাত পরিচয় বন্দুকবাজরা। সৌভাগ্যবশত এই হামলার ঘটনায় হতাহতের কোনও খবর নেই। দুর্ভাগ্যবশত প্রেফতার করতে পারেনি শ্রীলঙ্কা পুলিশ। পদস্থ এক পুলিশ কর্তা জানিয়েছেন, দু'টি বাস লক্ষ্য করে গুলি চালায় দুর্ভাগ্যবশত, এমনকি পাথরও নিক্ষেপ করে। কিন্তু, ভোটারদের বাসে হামলার ঘটনায় হতাহতের কোনও খবর নেই। তবে, হামলাকারীরা রাস্তায় টায়ার জ্বালিয়ে দীর্ঘ সময়ের জন্য যান চলাচল অবরুদ্ধ করে দেয়। পুলিশ সূত্রের খবর, উপকূলবর্তী শহর পুত্তলাম থেকে ভোট দেওয়ার জন্য পাঠানো জেলা মাদ্যার অভিযুক্ত যাক্কিলেন সংখ্যালঘু মুসলিম ভোটাররা। তখনই ভোটারদের দু'টি বাসে হামলা চালায় দুর্ভাগ্যবশত।

মধ্যাহ্নভোজনের খাবার তৈরির সময় রান্নাঘরে বয়লার বিস্ফোরণ, বিহারে মৃত্যু ৪ জনের

পাটনা, ১৬ নভেম্বর (হি.স.): মধ্যাহ্নভোজনের খাবার তৈরির সময় রান্নাঘরে বয়লার ফেটে প্রাণ হারালেন ৪ জন। এছাড়াও আরও ৫ জন গুরুতর আহত হয়েছেন। শনিবার সকালে মর্মান্তিক ঘটনাটি ঘটেছে বিহারের পূর্ব চম্পারণ জেলার মোতিহারিতে। শনিবার সকালে পূর্ব চম্পারণ জেলার সদর মোতিহারির সুগৌলিতে অবস্থিত একটি স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও)-র রান্নাঘরে বয়লার বিস্ফোরণ হয়। তীব্র বিস্ফোরণে কঁপে ওঠে গোটা এলাকা। বয়লার ফেটে ৪ জনের মৃত্যু হয়েছে। এছাড়াও আরও ৫ জন গুরুতর আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ সূত্রের খবর, সরকারি স্কুলের পড়ুয়াদের জন্য মধ্যাহ্নভোজনের খাবার তৈরি করে ওই স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও)। শনিবার সকালে সুগৌলির বাঙ্গারা এলাকায় অবস্থিত ওই স্বেচ্ছাসেবী সংস্থার রান্নাঘরে বয়লার বিস্ফোরণ হয়। বিস্ফোরণের তীব্রতা এতটাই জোরালো ছিল যে রান্নাঘরের দেওয়াল ভেঙে পড়ে বিস্ফোরণের শব্দ শুনে ঘটনাস্থলে পৌঁছন স্থানীয় বাসিন্দারা। ততক্ষণে ঘটনাস্থলেই মৃত্যু হয় ৪ জনের। এছাড়াও ৫ জনকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে। মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

অকালেই মৃত্যু, দিল্লিতে হৃদরোগে প্রয়াত গোয়ার ডিজিপি প্রণব নন্দ

নয়াদিল্লি, ১৬ নভেম্বর (হি.স.): অকালেই জীবনাবসান, দিল্লিতে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন গোয়ার ডিরেক্টর জেনারেল অফ পুলিশ (ডিজিপি) প্রণব নন্দ। সরকারি কাজে রাজধানী দিল্লিতে গিয়েছিলেন গোয়ার ডিজিপি প্রণব নন্দ। শনিবার সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়েছে। গোয়ার ডিজিপি প্রণব নন্দ আকস্মিক মৃত্যুর দুঃসংবাদ জানিয়েছেন ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ (আইজিপি) জসপাল সিং। আইজিপি জানিয়েছেন, শনিবার সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন গোয়ার ডিজিপি প্রণব নন্দ। অরুণাচল প্রদেশ, মিজোরাম এবং অন্যান্য কেন্দ্রশাসিত অঞ্চল (এজিএমইউসি) ক্যান্ডারের ১৯৮৮ ব্যাচের আইপিএস অফিসার প্রণব নন্দ চলতি বছরের মার্চ মাসেই গোয়ার ডিজিপি পদের দায়িত্বভার গ্রহণ করেছিলেন। গোয়ার ডিজিপি পদের দায়িত্বভার গ্রহণ করার প্রাক্কালে, প্রায় দু'দশক ধরে ইন্টেলিজেন্স ব্যুরো (আইবি)-র সঙ্গে যুক্ত ছিলেন প্রণব নন্দ। প্রণব নন্দর স্ত্রী সুন্দরী পুদুচেরির ডিজিপি হিসেবে দায়িত্ব সামলেছেন।



শনিবার কংগ্রেস সদর কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে দলের কর্মকর্তারা। ছবি- নিজস্ব।

জেএনইউ-তে বিবেকানন্দর মূর্তি ভাঙার প্রতিবাদ, শনিবার একগুচ্ছ পদযাত্রা ও সমাবেশ

কলকাতা, ১৬ নভেম্বর (হি.স.): দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে স্বামী বিবেকানন্দর মূর্তি ভাঙার প্রতিবাদে শনিবার প্রকাশ্য পদযাত্রায় বার হচ্ছে জাতীয়তাবাদী একাধিক সংগঠন। অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের (এবিডিপি) কলকাতা মহানগর-এর পক্ষ থেকে শনিবার একটি মিছিলের আয়োজন করা হয়েছে। ওই মিছিল শ্যামবাজার থেকে শুরু হয়ে বিবেকানন্দ রোডে স্বামীজীর বাড়ির সামনে গিয়ে শেষ হবে। এবিডিপি-র রাষ্ট্রীয় কার্যকারিণী সদস্য পায়োল ধর বলেন, সমগ্র ভারতের প্রাণপুরুষ স্বামী বিবেকানন্দর মূর্তি ভেঙে বামপন্থীরা প্রমাণ করল তারা ভারত বিরোধী হওয়ার সঙ্গে সঙ্গে বাঙালি বিরোধী। বাঙালি তথা ভারতের অবেগ এবং সমগ্র যুব সমাজের মূর্ত প্রতীক স্বামী বিবেকানন্দ আজ আক্রান্ত। জেএনইউ-এর বামপন্থী ও জিহাদিরা জাতীয়তাবোধে চরম আঘাত হানছে। দেশকে টুকরো টুকরো করার চক্রান্তে সামিল। যুব সমাজকে বিপক্ষে চালিত করে দেশোদ্ভোহীতে রূপান্তরিত করছে। এবিডিপি-র কলকাতা মহানগরীর সম্পাদক মুহাম্মদ দাস বলেন, বাঙালি মনীষী বিদ্যেবী ভারতবিরোধী দেশোদ্ভোহী বামপন্থীদের বিরুদ্ধে আমরা পথে নামছি। অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের উত্তর কলকাতার ইউনিটের পক্ষ থেকে শনিবার সন্ধ্যা ৬ টায় বিবেকানন্দ রোডে স্বামীজীর বাড়ির সামনে, বিবেকানন্দ মূর্তির চরণতলে পুষ্প দান ও মোমবাতি প্রজ্জ্বলন করে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে। ভারতীয় জনতা

যুব মোর্চা এদিন সন্ধ্যায় একটি মিছিল বার করবে শ্যামবাজার মোড় থেকে। তাতে থাকবেন মোর্চার রাজ্য সভাপতি দেবজি সরকার। মোর্চার তরফে রাজ্যের ৩৮ জয়গায় স্বামী বিবেকানন্দ মূর্তি জল দিয়ে ধুয়ে প্রদীপ জ্বালিয়ে তাঁকে শ্রদ্ধা জানাবেন যুব মোর্চার কার্যকর্তারা। জাতীয়তাবাদী নাগরিক মঞ্চ এদিন অপর একটি 'মহামিছিল'-এর ডাক দিয়েছে। বিকেলে দক্ষিণ কলকাতায় রাসবিহারির মোড় থেকে এই মিছিল বার হওয়ার কথা। এতে অংশ নেওয়ার আবেদন করে ফেসবুকে পোস্ট করেছেন রশ্মিদেব সেনগুপ্ত। স্বামীজীর মূর্তির প্রতি অসম্মানকারী এবং জাতীয়তাবাদের ওপর আক্রমণকারী বামপন্থী-জিহাদি শক্তির বিরুদ্ধে দিকে দিকে অবরোধ গড়ে তোলার লক্ষ্যে এই মিছিল বার হবে আবেদনপত্র ঘোষণা করা হয়েছে। উল্লেখ করা যেতে পারে, দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে স্বামী বিবেকানন্দর নির্মায়মান মূর্তিকে অবমাননা, অশ্লীল শব্দ প্রয়োগের প্রতিবাদে গতকাল দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে বিক্ষোভ দেখানো হয়েছে। হিলি মোড়ে অবস্থিত স্বামী বিবেকানন্দ মূর্তিতে ভারতীয় জনতা যুব মোর্চা বালুরঘাট নগর মণ্ডল কমিটির পক্ষ থেকে মাল্যদান এবং মোমবাতি প্রজ্জ্বলন করে স্বামীজীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

আমরণ অনশন শুরু আন্দোলনরত পাশশিক্ষকদের, শনিবার আসবেন দিলীপ ঘোষ

কলকাতা, ১৬ নভেম্বর (হি.স.): পূর্বাচল পেরিয়ে গেলেও দাবিপূরণ তো দূরের কথা আলোচনায় বসার জন্য রাজ্য সরকারের কাছ থেকে ডাক পর্যন্ত আসেনি। শেষ পর্যন্ত রাজ্য সরকারের উপরে চাপ বাড়াতে গুজবর সন্ধ্যা থেকে আমরণ অনশন শুরু করলেন আন্দোলনরত পাশশিক্ষকরা। শনিবার সন্ধ্যার বিকাশ ভবনের উল্টোদিকের ধর্না মঞ্চ থেকে আন্দোলনকারীদের পক্ষ থেকে ছংকার হেঁড়া হয়েছে, দাবি আদায় করেই ছাড়া হবে শনিবার পাশশিক্ষক একা মঞ্চের যুগ্ম আহ্বায়ক ভগীরথ ঘোষ 'হিন্দুস্থান সমাচার'-কে বলেন, "আমাদের ৩০ জন অনশন করছেন। এঁদের সাত জন মহিলা। বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষের সমাবেশে আসার কথা আছে। গুজবর এসেছিলেন বিজেপি মহিলা মোর্চার সভানেত্রী তথা সাংসদ লক্কেট চট্টোপাধ্যায়।" বকেয়া দাবি আদায় করে মাস ধরেই রাজ্যে আন্দোলন করছেন পাশশিক্ষকদের একাংশ। তাঁদের দাবি, পাশশিক্ষকদের সঙ্গে প্রত্যর্গা

করেছে রাজ্য সরকার। গ্রেড পে বাড়ানোর প্রতিশ্রুতি দিলেও তা বাস্তবায়িত হয়নি। মাদ্রাসা শিক্ষকদের সমান বেতনও দেওয়া হয়নি। রাজ্য সরকারের ওপর চাপ তৈরি করতে ১১ নভেম্বর থেকে আন্দোলনে নামেন পাশশিক্ষকরা। ফের বিকাশ ভবনের সামনে তাঁরা বাতাসে বসার কথা ঘোষণা করেন পাশশিক্ষকদের সংগঠন। পুলিশের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়, বিকাশ ভবন চত্বরে যেহেতু ১৪৪ ধারা জারি রয়েছে তাই সেখানে কোনও ধর্মীয় বাসায় অনুমতি দেওয়া যাবে না। বিষয়টি আদালতে গড়ায়। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ জানিয়ে দেয়, বিকাশ ভবনের ১০০ মিটার দূরে ধর্মীয় বাসাতে পারবেন আন্দোলনকারীরা। কিন্তু সেই ধর্না মঞ্চ ৩০০-র বেশি আন্দোলনকারী জড়ো হতে পারবেন না। বাকিদের সেউাল পার্কের কাছে বিধান চন্দ্র রায়ের মূর্তির শান্তিপূর্ণ অবস্থান করতে হবে। সেই নির্দেশ মেনে ১১ নভেম্বর থেকে পাশশিক্ষকদের ধর্না আন্দোলন শুরু হয়েছে।



শনিবার মহিলা জন জাগৃতি সভায় বক্তব্য রাখেন আসাদ প্রতীমা ভৌমিক। ছবি- নিজস্ব।

গংগেয়র পর পরবর্তী প্রধান বিচারপতি এস এ বোবদে, শপথগ্রহণ ১৮ নভেম্বর

নয়াদিল্লি, ১৬ নভেম্বর (হি.স.): দেশের শীর্ষ আদালত, সুপ্রিম কোর্টের পরবর্তী প্রধান বিচারপতি হচ্ছেন শরদ অরবিন্দ বোবদে। বোবদে দেশের ৪৭ তম প্রধান বিচারপতি হবেন। তিনি প্রধান বিচারপতি রঞ্জন গংগেয়ের স্থলাভিষিক্ত হতে চলেছেন। আগামী ১৮ নভেম্বর, সোমবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নেন বোবদে। আগামী ১৭ মাস ওই পদে থাকবেন বোবদে। তিনি অবসর নেন ২০২১ সালের ২৩ এপ্রিল। সুপ্রিম কোর্টের বিচারপতি শরদ অরবিন্দ বোবদে জন্ম হয়েছিল মহারাষ্ট্রের নাগপুরে, ১৯৫৬ সালের ২৪ এপ্রিল। ২০০০ সালে অতিরিক্ত বিচারপতি হিসেবে তিনি বহু হাইকোর্টে কাজ শুরু করেন। বছর দু'য়েক পরে তিনি মধ্যপ্রদেশ হাইকোর্টের মুখ্য বিচারপতি হিসেবে নিয়োগপত্র পান। সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে বহু গুরুত্বপূর্ণ মামলার সঙ্গে যুক্ত ছিলেন বিচারপতি বোবদে। তার মধ্যে রয়েছে অযোধ্যা মামলা, বিসিসিআই মামলা। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হিসেবে বিচারপতি বোবদে নিয়োগের সুপারিশ করেছিলেন বিদায়ী প্রধান বিচারপতি রঞ্জন গংগে।

পাথির থাকায় গোয়ায় ভেঙে পড়ল নৌবাহিনীর মিগ-২৯ কে যুদ্ধবিমান, সুরক্ষিত দু'জন পাইলট

পানাজি, ১৬ নভেম্বর (হি.স.): গোয়ায় ভেঙে পড়ল ভারতীয় নৌবাহিনীর একটি মিগ-২৯ কে যুদ্ধবিমান। শনিবার সকালে অবতরণের কিছুক্ষণের মধ্যেই, পাথির ধাক্কায় নিরাপত্ত স্থানে ভেঙে পড়ে মিগ-২৯ কে যুদ্ধবিমান। এই ঘটনায় প্রাণহানির কোনও খবর নেই। মিগ-২৯ কে যুদ্ধবিমান মাটিতে আছড়ে পড়ার আগেই এয়ারক্রাফ থেকে বেরিয়ে আসেন দু'জন নৌবাহিনীর মুখপাত্র কমান্ডার বিবেক মাধওয়াল জানিয়েছেন, গোয়া উপকূল থেকে ওড়ার কিছুক্ষণের মধ্যে মিগ-২৯ কে যুদ্ধবিমানে পাথির ধাক্কা লাগে এবং ডানদিকের ইঞ্জিনে আগুন ধরে যায়। উভয় পাইলটই এয়ারক্রাফ থেকে বেরিয়ে আসেন এবং সুরক্ষিত আছেন। খোলা ও নিরাপদ জায়গায় ভেঙে পড়ে যুদ্ধবিমানটি হতাহতের কোনও খবর নেই। দু'জন প্রাণহীন বিমান দু'জন পাইলট ছিলেন, যথাক্রমে ক্যাপ্টেন এম শেখর এবং লেফটেন্যান্ট কমান্ডার দীপক কদমবট। ভারতীয় নৌবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকালে ট্রেনিং মিশনের জন্য অবতরণের কিছুক্ষণের মধ্যেই পাথির ধাক্কা, ইঞ্জিনের আগুন ধরে যাওয়ায় ভেঙে পড়ে একটি মিগ-২৯ কে যুদ্ধবিমান। এই ঘটনায় প্রাণহানির কোনও খবর নেই। মিগ-২৯ কে যুদ্ধবিমান মাটিতে আছড়ে পড়ার আগেই এয়ারক্রাফ থেকে বেরিয়ে আসেন দু'জন পাইলট। কী কারণে এই দুর্ঘটনা, তা জানতে তদন্ত শুরু করা হয়েছে।

মধ্যপ্রদেশে বাস উল্টে খাদে মৃত্যু ৩ জনের, আহত ২৫ জন

সাতনা (মধ্যপ্রদেশ), ১৬ নভেম্বর (হি.স.): মধ্যপ্রদেশের সাতনা জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল যাত্রীবোঝাই একটি বাস। বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যাওয়ার পর খাদে পড়ে যায়। ভয়াবহ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩ জন যাত্রীর। এছাড়াও কমপক্ষে ২৫ জন যাত্রী আহত হয়েছেন। গুজবর গভীর রাতে দুর্ঘটনাটি ঘটেছে সাতনা জেলার মাইহার থানার অন্তর্গত আমড়া নাকা জাতীয় সড়কের পাওয়ার হাউসের কাছে। আহতদের মধ্যে ১২ জনের শারীরিক অবস্থা আশঙ্কাজনক। পুলিশ সূত্রের খবর, বিবসা মুগা জয়ন্তী উদযাপনে অংশগ্রহণকারীদের নিয়ে যাচ্ছিল বাসটি। গুজবর গভীর রাতে সাতনা জেলার মাইহার থানার অন্তর্গত আমড়া নাকা জাতীয় সড়কের পাওয়ার হাউসের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যাওয়ার পর খাদে পড়ে যায় গাড়িটি। দুর্ঘটনার খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছয় প্রচুর সংখ্যক পুলিশ। পরে দুর্ঘটনাস্থলে যান কালেক্টর এবং পুলিশ সুপার উল্টে কালেক্টর জানিয়েছেন, বাস দুর্ঘটনায় ৩ জনের মৃত্যু হয়েছে এবং ২৫ জন আহত হয়েছেন। মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হবে। এবং আহতদের ২৫ হাজার টাকা করে আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হবে। এসপি রিয়াজ ইকবাল জানিয়েছেন, দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন বাসের চালক বিনোদ চৌধুরী (৩৫) এবং অমৃত লাল রাওয়ান (৩৮)। তৃতীয় জনের নাম ও পরিচয় জানা যায়নি। ভয়াবহ বাস দুর্ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী কমনলাথ।

বিহারে সাতটি বেআইনি অস্ত্র কারখানার হদিশ, উদ্ধার প্রচুর আগ্নেয়াস্ত্র

মুঙ্গের (বিহার), ১৬ নভেম্বর (হি.স.): বিহারের মুঙ্গের জেলায় সাতটি বেআইনি অস্ত্র কারখানার হদিশ পেলে বিহার পুলিশ বিহারের মুঙ্গের জেলায় অভিযান চালিয়ে সাতটি বেআইনি অস্ত্র কারখানার হদিশ পেয়েছে। পুলিশ অস্ত্র কারখানা থেকে উদ্ধার করা হয়েছে প্রচুর আগ্নেয়াস্ত্র ও অস্ত্র তৈরির সামগ্রী। এছাড়াও গ্রেফতার করা হয়েছে ৪ জন সন্দেহভাজনকে। পুলিশ সুপার (এসপি) সৌরভ মঙ্গলা জানিয়েছেন, গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে গুজবর সন্ধ্যায় মুঙ্গের জেলার মুফাঙ্গিল থানার অন্তর্গত হেরুদিয়ারা এলাকায় অভিযান চালায় পুলিশ। সন্ধ্যা থেকে রাত পর্যন্ত অভিযান চালিয়ে সাতটি বেআইনি অস্ত্র কারখানার হদিশ পাওয়া গিয়েছে। ওই সাতটি অস্ত্র কারখানা থেকে প্রচুর আগ্নেয়াস্ত্র ও অস্ত্র তৈরির সামগ্রী উদ্ধার করা হয়েছে। এসপি আরও জানিয়েছেন, সাতটি বেআইনি অস্ত্র কারখানা থেকে উদ্ধার করা হয়েছে সাতটি মেশিন, একটি পিস্তল, দু'টি অর্ধনির্মিত পিস্তল, দু'টি ৭.৬৫ এমএম ক্যার্তুজ, পাঁচটি অর্ধনির্মিত ম্যাগাজিন এবং অস্ত্র তৈরির বিভিন্ন সামগ্রী। এছাড়াও গ্রেফতার করা হয়েছে ৪ জন সন্দেহভাজনকে। গুণ্ডাদের নাম হল-রাকেশ কুমার, রামানন্দ মাছাতো, প্রবীণ যাদব এবং মুকেশ সাহু। রাকেশ, রামানন্দ এবং প্রবীণের বাড়ি মুঙ্গের জেলায় এবং মুকেশের বাড়ি লখিমপুর। জেলায় অস্ত্র আইনে যত্নবৃত্তির বিরুদ্ধে মুফাঙ্গিল থানায় এফআইআর দায়ের করা হয়েছে।



বাংলাদেশকে তিনদিনে ইন্দোরে ইনিংস ও ১৩০ রানে হারাল ভারত

ইন্দোর, ১৬ নভেম্বর (হি.স.) : হোলকর স্টেডিয়ামে মুশফিকুর রহিমের ব্যাটে লড়াই চালালেও শেষরক্ষা হল না মাত্র তিনদিনেই ইন্দোর টেস্ট জিতে দুই ম্যাচের সিরিজ ১-০ এগিয়ে গেল ভারত। শনিবার বাংলাদেশকে ইনিংস ও ১৩০ রানে হারাল কোহলি আন্ড কোং। ঐতিহাসিক দিন-রাতের টেস্টে ক্রিকেটের নন্দনকাননে পা-রাখার আগেই বিরাটদের কাছে ইনিংস হারাল বাংলাদেশ। প্রথম ইনিংসে ১৫০ রানে গুটিয়ে যাওয়ার পর দ্বিতীয় ইনিংসে ব্যাটिंग বিপর্যয় অব্যবত মৌমিনুল হকদের ভারতের থেকে শনিবার দ্বিতীয় ইনিংস শুরু করা বাংলাদেশ শুরুতেই দুই ওপেনারকে হারায়। 'কিং পেয়ার অব সিদ্ধ' করে দুই ওপেনারকে হারায় বাংলাদেশের স্টাম্প ছিটকে দেন ভারতীয় পেসাররা। ইমরুল কায়সকে (৬) অসাধারণ ডেলিভারিতে বোল্ড করেন উমেশ যাদব। পরের ওভারেই শাদমান ইসলামকে (৬) বোল্ড করেন ইশান্ত শর্মা। মাত্র ১৬ রানের মধ্যেই দুই ওপেনারকে হারায় বাংলাদেশ। এরপর ভয়ংকর হয়ে ওঠেন মহম্মদ শামি। অধিনায়ক মৌমিনুল হককে (৭) এলবিডব্লিউ করেন শামি। আম্পায়ার নট-আউট দিলেও রিভিউ নিয়ে উইকেট তুলে নেন শামি। মাত্র ৪৪ রানে চার উইকেট হারায় বাংলাদেশ। শামির বাউন্সারে মারতে গিয়ে মিড-উইকেটে ময়াক আগরওয়ালকে সহজ ক্যাচ দেন মহম্মদ মিতুন (১৮)। ৬০ রানে চার উইকেট হারিয়ে ল্যাঞ্চে যায় বাংলাদেশ। ল্যাঞ্চার পর মুশফিকুর রহিম ও মাহমুদুল্লাহ লড়াইয়ের

চেষ্টা করলেও পঞ্চম উইকেটে মাত্র ২৮ রান যোগ করেই প্যাভিলিয়নে ফেরেন মাহমুদুল্লাহ। তিনিও শামির শিকার। ব্যক্তিগত ১৫ রানে শামির বলে রোহিত শর্মার হাতে ক্যাচ দিয়ে আউট হন মাহমুদুল্লাহ। ৭২ রানে পাঁচ উইকেট হারিয়ে থাকে বেঙ্গল টাইগাররা। তবে এখান থেকে লিটল দাসকে সঙ্গে

নিয়ে মরিয়া লড়াই করেন রহিম। ষষ্ঠ উইকেট দু'জনে ৬৮ রান যোগ করার পর ব্যক্তিগত ৩৫ রানে লিটলকে 'কট আন্ড বোল্ড' করে প্যাভিলিয়নের রাস্তা দেখান রবিক্রন্দন অশ্বিন। প্রথম ইনিংসে বাংলাদেশ দেড়শো রানে গুটিয়ে গেলে ময়াক আগরওয়ালের দূরত্ব ডাবল

চেতেশ্বর পূজারা ও রবীন্দ্র জাদেজার হাফ-সেঞ্চুরিতে পাঁচশোর দৌড়গোয়ার পৌঁছে যায় ভারত। যদিও বিরাট কোহলি, রোহিত শর্মা রান পাননি। ময়াক ২৪৩, রাহানে ৮৬, জাদেজা ৬০ এবং পূজারা ৫৪ রান করেন। শুক্রবার সারা দিনে ৪০৭ রান তোলে ভারত।

সেঞ্চুরি এবং অজিত রাহানে।

PRESS NOTICE INVITING TENDER NO. EE-IED/AGT/28/2019-20 dated 14/11/2019
The Executive Engineer, Internal Electrification Division, Agartala, Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed percentage rate tender(s) from Central & State Public Sector undertaking / Enterprise and eligible Contractors / Firms / Agencies of appropriate class registered with PWD/ TTAADC / MES / CPWD / Railway / Other State PWD up to 3.00 P.M. on 29/11/2019 for the following work:-

Sl No	Name of work	ESTIMATED COST	EARNEST MONEY	TIME OF COMPLETION	LAST DATE AND TIME FOR RECEIPT OF APPLICATION FOR ISSUE OF TENDER FORM	TIME AND DATE OF OPENING OF TENDER	PLACE OF SALE OF TENDER DOCUMENTS	CLASS OF BIDDER
1	Providing maintenance to Internal Electrical installation in the UHTC, Bhati Abhoyanagar. DNIeT No: EE-IED/AGT/39/2019-20	₹ 112,066.00	₹ 1,121.00	30 (thirty) days	Up to 15:00 Hrs on 27/11/2019	At 15:30 Hrs on 29/11/2019	Office of the Executive Engineer, Internal Electrification Division, Agartala: West Tripura	Appropriate Class
2	Providing petty maintenance of yard lighting and outdoor lighting in the PWD Store Complex, A D Nagar, Agartala. (3rd Call) DNIeT No: EE-IED/AGT/ 32 /2019-20	₹ 163,834.00	₹ 1,638.00	10 (ten) days	Up to 15:00 Hrs on 27/11/2019	At 15:30 Hrs on 29/11/2019	Office of the Executive Engineer, Internal Electrification Division, Agartala: West Tripura	Appropriate Class
3	Providing maintenance of electrical light fixture in the different ward rooms and corridor in IGM Hospital, Agartala. Tripura(West) (2nd call). DNIeT No: EE-IED/AGT/ 37 /2019-20	₹ 110,990.00	₹ 1,110.00	60 (sixty) days	Up to 15:00 Hrs on 27/11/2019	At 15:30 Hrs on 29/11/2019	Office of the Executive Engineer, Internal Electrification Division, Agartala: West Tripura	Appropriate Class
4	Providing of New/Maintenance of internal electric wiring including yard illumination of Modern Psychiatric Hospital, Narsingarh, West Tripura (2nd Call). DNIeT No: EE-IED/AGT/ 20 /2019-20	₹ 417,342.00	₹ 4,173.00	30 (thirty) days	Up to 15:00 Hrs on 27/11/2019	At 15:30 Hrs on 29/11/2019	Office of the Executive Engineer, Internal Electrification Division, Agartala: West Tripura	Appropriate Class

Details of the PNIT can be seen at Internal Electrification Division, Agartala during office hour.
ICA/C/1649/2019-25 (DHRUBAPADA DE MATH) Executive Engineer, Internal Electrification Division, PWD (Buildings), Agartala, West Tripura
আমি বর্জন করছি একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক, এবার আপনিও?

মেসির একমাত্র গোলে ব্রাজিলের হারাল আর্জেন্টিনা

ব্রাসিলিয়া, ১৬ নভেম্বর (হি.স.) : ফিফার ফ্রেডলি ম্যাচে ব্রাজিলকে হারিয়ে কোপা আমেরিকার হারের মধুর শোধ নিল আর্জেন্টিনা। অধিনায়ক লিওনেল মেসির করা গোলে ম্যাচের ১৩ মিনিটের মাথায় এগিয়ে যায় আর্জেন্টিনা। এই এক গোলেই তাদের জয় নিশ্চিত করে। সর্বশেষ কোপা আমেরিকায় চির প্রতিদ্বন্দ্বী ব্রাজিলের কাছে হেরেই সেমিফাইনাল থেকে বিদায় নিয়েছিল আর্জেন্টিনা। প্রতিযোগিতামূলক ম্যাচ না হলেও ফিফার ফ্রেডলি ম্যাচে আর্জেন্টিনাই এই জয় মধুর শোধ বলেই মনে করা হচ্ছে। ঘরের মাঠে হওয়া কোপা আমেরিকার শিরোপা জেতার পর থেকেই ব্যাকফুটে রয়েছে ব্রাজিল। কোপার ফাইনালের পর থেকে পঞ্চম ম্যাচে দ্বিতীয় পরাজয় এটি তাদের। অন্যদিকে ব্রাজিলের কাছে হেরে বিদায় নেয়ার পর টানা ষষ্ঠ ম্যাচে অপরাধিত রইল আর্জেন্টিনা। আজকের ম্যাচে প্রথম গোল পেতে পারত ব্রাজিলই। ১০ মিনিটের মাথায় পেনাল্টি পেয়েছিল তারা। কিন্তু পোস্টের বাইরে শট করে বসেন গ্যাব্রিয়েল হেসুস।

Press Tender Notice No.5-SF(KGT)/2019-20 Dt. 14/11/2019.
SHORT NOTICE INVITING TENDER (2nd Call)
The undersigned on behalf of the Governor of Tripura invites sealed tender(s) in prescribed format from the bonafide owners of vehicle Co-operative/ SHGs for hiring of 1(One) Omni Van/Car having Commercial License, manufacturing year 2016-17 or onwards alongwith Driver for use of the O/o the Dy. Director of Fisheries, Unakoti Tripura, Kumarghat Last date of submission of tender is on 22/11/2019 upto 3:00PM. The details tender notice may be seen in Office of the undersigned upto 21/11/2019 at 4.00 pm. For and on behalf of the Governor of Tripura.
(G. Sherpa) Superintendent of Fisheries, Kumarghat, Unakoti Tripura
ICA/C/1644/2019-25
আওয়াজ উঠেছে ত্রিপুরায় - নেশামুক্ত সমাজ গড়তে চায়।

৪ উইকেটের পতন, ভারতীয় পেসারদের প্রবল চাপে বাংলাদেশ

ইন্দোর, ১৬ নভেম্বর (হি.স.) : শুরুতেই জোরদার ধাক্কা উ বাংলাদেশকে রীতিমতো চাপে ফেললেন ভারতীয় পেসাররা। ৪৪ রানে (১৫.০ ওভার) ৪ উইকেটের পতন হল বাংলাদেশ ক্রিকেট টিমের উইকেটের পতন হল বাংলাদেশ ক্রিকেট টিমের উইকেটের পতন হল বাংলাদেশ ক্রিকেট টিমের

কায়সকে বোল্ড করলেন উমেশ যাদব। তারপর শাদমান ইসলামকে বোল্ড করেন ইশান্ত শর্মা। এরপর অধিনায়ক মৌমিনুল হককে এলবিডব্লিউ করেন মহম্মদ শামি। অসাধারণ বোলিং এবং ময়াক আগরওয়ালের ক্যাচে চতুর্থ উইকেট হারায় বাংলাদেশ। ১৮ রান করার পর মহম্মদ মিতুনকে আউট করে মহম্মদ শামির বোলিং।

৩৪৩ রানের লিড নিয়ে ইনিংসে সমাপ্তি ঘোষণা করেছিল ভারত। শুক্রবার দ্বিতীয় দিনের শেষে ৬ উইকেটে ৪৯৩ রান তুলেছিল টিম ইন্ডিয়া। সেই রানেই ডিক্লেয়ার করে দিয়েছিলেন অধিনায়ক বিরাট কোহলি। ৪ উইকেট হারানোর পর বাংলাদেশের সামনে এখন টেস্ট বাঁচানোর কঠিন লড়াই।

ফের বিতর্কে লিওনেল মেসি, ব্রাজিল কোচ তিতেকে কটুক্তি মেসির

রিয়াদ, ১৬ নভেম্বর (হি.স.) : নির্বাসন কাটিয়ে ফিরেই দেশকে জেতানোর পাশাপাশি বিতর্কে জড়ালেন লিওনেল মেসি। কিন্তু এই ফ্রেডলি ম্যাচ হলেও মেসির আচরণ মোটেই বন্ধুত্বপূর্ণ ছিল না। ম্যাচের মধ্যেই ব্রাজিল কোচ তিতেকে 'শট আপ' বলেন মেসি। কোমরোতে যা স্পষ্ট ধরা পরে। শুক্রবার রাতে রিয়াদে চিরশত্রু ব্রাজিলের বিরুদ্ধে ফিফা ফ্রেডলি ম্যাচে মেসির একমাত্র গোলে

জয়লাভ করে আর্জেন্টিনা। ব্রাজিলের পরবর্তী ম্যাচ মঙ্গলবার আবু ধাবিতে দক্ষিণ কোরিয়ার বিরুদ্ধে। তারপর শুরু হবে ২০২০ ফিফা বিশ্বকাপের যোগ্যতা নির্ধারণ। তিন মাস পর মাঠে ফেরেন এই তারকা ফুটবলার। দক্ষিণ আমেরিকার ফুটবলের নিয়ামক সংস্থার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করে গত জুলাইয়ে নির্বাসিত হয়েছিলেন তিনি। কোপা আমেরিকায় চিলির বিরুদ্ধে

তৃতীয় স্থানের ম্যাচের পর এই অভিযোগ করেছিলেন মেসি। তারপরই তাঁকে নির্বাসিত হতে হয়। নির্বাসন কাটিয়ে স্বমহিমায় ফিরলেন ফুটবলের রাজপুত্র। ১৩ মিনিটে পেনাল্টি থেকে ফিরতি বলে গোল করে গেলে দলকে জেতান মেসি। ব্রাজিলীয় গোলকিপার অ্যালিসন তাঁর পেনাল্টি বাঁচালেও ফিরতি বল গোলে পাঠিয়ে দলকে ১-০ এগিয়ে দেন মেসি।

অপরিচিত মৃত ব্যক্তির আত্মীয়ের পরিচয় চাই Ref G.B Top G.D. Entry No-22 dated 10/11/2019
পাশের ছবিটি একজন দারীহীন পুরুষ ব্যক্তির মৃতদেহ, নাম অজ্ঞান আলী বসম ১ আনুমানিক ২০ বছর, উচ্চতা ১.৫ ফুট ২ ইঞ্চি, গায়ের রং শ্যামলা, মুখমন্ডল - গোলাক, পরনে - হাসপাতালের বিছানার অঙ্গুর, গত ০২/১১/২০১৯ ইং তারিখ সন্ধ্যা ৬টার সময়ে আগরতলা জিবিপি হাসপাতালে অসুস্থ অবস্থায় ভর্তি হন এবং ১০/১১/২০১৯ইং তারিখ দুপুর ১টা ০০ মিনিট সময়ে মারা যান।
এখানে উল্লেখ থাকে যে উক্ত মৃত ব্যক্তিকে বিদল দে নামক অপর এক ব্যক্তি নরসিংগঞ্জ মানসিক হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করান। কিন্তু এখন পর্যন্ত কোন ব্যক্তি বা আত্মীয় স্বজন মৃত ব্যক্তির দাবী করেন নাই। বর্তমানে মৃতদেহ জিবিপি হাসপাতালের মর্গে সনাক্তকরণের জন্য রাখা হইয়াছে।
উপরে উল্লেখিত মৃত ব্যক্তির সম্বন্ধে কাহারো জ্ঞান অথবা জানা থাকিলে নিম্নলিখিত ঠিকানায় ৩ কোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুমোদন করা হইবে।
১/ পুলিশ সুপার (পশ্চিম ত্রিপুরা) ০৩৮১ ২৩২ ৫৩৮৩
২/ সিটি কর্পোরেশন ০৩৮১ ২৩২ ৫৭৮৪ / ১০০
৩/ জি বি টিওপি ০৩৯৮১ ২৩২ ৫০৯৫
ICA/D/1270/2019-25
পুলিশ সুপার পশ্চিম ত্রিপুরা

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণুবো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪

ই-মেল : rainbowprintingworks@gmail.com

সর্বদলীয় বৈঠকে যোগ দিলেন প্রধানমন্ত্রী

নয়া দিল্লি, ১৬ নভেম্বর (হিস.) : সোমবার সংসদে শুরু হতে চলেছে শীতকালীন অধিবেশন। তার আগে শনিবার সর্বদলীয় বৈঠকের ডাক দিয়েছিলেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আগামী ১৩ ডিসেম্বর পর্যন্ত চলবে এই শীতকালীন অধিবেশন। এদিনের সর্বদলীয় বৈঠকে উপস্থিত ছিলেন কংগ্রেসের অধীরাধীন চৌধুরি, তৃণমূল কংগ্রেসের সুদীপ বন্দ্যোপাধ্যায়, ডিএমকে'র টি আর বাবু, বিএসপি'র দানীশ আলি, এলজেপি'র চিরাগ পাসওয়ান, এআইএমআইএমের আসাদউদ্দিন ওয়েহিস। এছাড়া উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা। বৈঠকে উপস্থিত ছিলেন সংসদবিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী এবং প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘাল।

উল্লেখ করা যেতে পারে আসম শীতকালীন অধিবেশনে বিভিন্ন ইস্যুতে কেন্দ্রের বিরুদ্ধে মুখার হতে পারে বিরোধীরা বলে মনে করছে রাজনৈতিক মহল। অন্যদিকে শিবসেনার সূত্রে জানা গিয়েছে রাজসভায় বিরোধী আসনে বসবে শিবসেনার সাংসদে। এদিনের বৈঠকে সংসদ শাস্তি পূর্ব ভাবে চালানোর জন্য সকল রাজনৈতিক দলের নেতাদের আহ্বান করেন অধ্যক্ষ ওম বিড়লা।

ক্ষমতার লোভে জোট করেছে কংগ্রেস-শিবসেনা, দাবি অনিলের

আম্বালা(হরিয়ানা), ১৬ নভেম্বর (হিস.) : মহারাষ্ট্রে সরকার গঠন নিয়ে একযোগে কংগ্রেস ও শিবসেনার বিরুদ্ধে তেপ দাগলেন বরীয়ায় বিজেপি নেতা তথা হরিয়ানার মন্ত্রী অনিল ভিজ। মতাদর্শগত ভিন্নতা থাকা সত্ত্বেও মূলত ক্ষমতা লোভে দুই দল জোট করেছে বলে দাবি করেছেন তিনি। শনিবার অনিল ভিজ জানিয়েছেন, ক্ষমতার লোভ তাদের (কংগ্রেস-শিবসেনা) মুখোশ খুলে দিয়েছে। মতাদর্শগত ভিন্নতা থেকে বরাবর একেঅপরের বিরুদ্ধে রাজনীতি করে গিয়েছে কংগ্রেস ও শিবসেনা। এখন এই দুই দল জোট বাঁধছে।

রাফাল প্রসঙ্গে রাফাল গাঞ্চীর বিরুদ্ধে তোপ দেগে অনিল ভিজ জানিয়েছেন, কিছু সময়ের জন্য দেশকে বিভ্রান্ত করেছে রাফাল গাঞ্চী। মিথ্যা কথা বলার কারখানা হচ্ছে এই কংগ্রেস নেতা। কখন সঠিক তথ্য তুলে ধরেননি তিনি। উল্লেখ করা যেতে পারে শিবসেনাকে সরকার গড়ার ক্ষেত্রে সমর্থন জানাতে সম্মত হয়েছে এনসিপি-শিবসেনা জোট। নূনতম কর্মসূচি নিয়ে আলোচনা চলছে। এই রাজনৈতিক প্রক্রিয়ার বিরুদ্ধে তোপ দেগেছেন অনিল ভিজ।



শনিবার রাজধানী আগরতলা মেহের কালীবাড়িতে অশ্বমেধ যজ্ঞে অংশ গ্রহণ করেন সাংসদ প্রতিমা জেমিক। ছবি- নিজস্ব।

ন্যায্য মজুরির দাবিতে ধর্মনগর খাদ্য গোদামে শ্রমিক ধর্মঘট

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৬ নভেম্বর। ন্যায্য মজুরির দাবিতে শ্রমিক ধর্মঘট ধর্মনগরের খাদ্য গোদামে। উত্তর জেলা সদর ধর্মনগর খাদ্য গোদামে শ্রমিক শোষনের বিরুদ্ধে রুখে দাঁড়ালো শ্রমিকগণ। ধর্মনগরে খাদ্য গোদামের উপ-অধিকর্তা সমীর রঞ্জন চাকমার দিমাতুলসভ আচরণে ক্ষুব্ধ হয়ে কর্মবিরতির ডাক দিল খাদ্য গোদামের ভারতীয় মজুর সংঘের শ্রমিকরা। প্রিন্সিপাল সেক্রেটারি ধর্মনগর খাদ্য গোদামে কর্মরত ৭৩জন শ্রমিকের মধ্যে ১৩জনকে বাদ দিয়ে ৬০ জন শ্রমিককে ৫০১ টাকা হাজিরায় নিয়োগ করে ফেরকারি মাসের প্রথমই। এই ৬০ জন সেইসময় বাকি ১৩ জন শ্রমিকের কথা ভেবে তাদের সাথেই তারা বহাল থাকেন। ৬০ জনের মজুরি থেকেই তারা ১৩ জনের মজুরি দিতেন। চুরিহাতি, চন্দ্রপুর, গঙ্গানগর, সবকটি গোদামে ৫০১ টাকা করেই শ্রমিকদের মজুরি প্রদান করা হয়ে থাকে। এপ্রিল মাস পর্যন্ত নির্ধারিত মজুরি শ্রমিকরা দেয়ার পর খাদ্য দপ্তর থেকে তাদেরকে জানানো হয় যে আউটপুট হিসাবে তাদেরকে মজুরি দেওয়া হবে। রাজ্যের উচ্চ আধিকারিক থেকে ছাত্রকলার এসেছে তাই পূর্বের মত ৫০১ টাকা করে মজুরি দেওয়া সম্ভব হবে না। তাই এর বিরুদ্ধে দাবি তুলে বহুর উত্তর জেলায় খাদ্য দপ্তরের আধিকারিক এর সাথেও কথা বলে সদুত্তর শ্রমিকরা পায়নি। সব জায়গায় পূর্বের মত ৫০১ টাকা করে মজুরি প্রদান করা হচ্ছে কেবলমাত্র বিধিনিষেধ জারি করা হয়েছে ধর্মনগর খাদ্য গোদামে। এই গোদাম থেকে পুরো উত্তর খাদ্য পাঠানো হয়। কাজেই অনেক বেশি তাছাড়া বিবেকবান শ্রমিক আরও ১৩ জনের পরিবারের দায়ভার নিয়ে পরিবারের গুলিকে বাঁচিয়ে রাখছে। এই অবস্থায় গরিবের সরকারের আধিকারিক গমের তয়লুকি কাপে দিশেহারা ধর্মনগর খাদ্য গোদামের শ্রমিকরা। বাধ্য হয়ে গুজরাত থেকে অনির্দিষ্ট কালের জন্য কর্মবিরতির ডাক দিয়ে ধর্মঘটে বেমনেছে। এখন দেখার বিষয় গরিবের সরকার কি পদক্ষেপ নেয়।

এদিন গিরিরাজ সিং জানিয়েছেন, 'দেশে জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন কার্যকর হলে, রাজনীতি থেকে অবসর নেব।' জনসংখ্যা নিয়ন্ত্রণ ভারতের মত দেশে যে একান্ত প্রয়োজন শনিবার এনএই দাবি করেছেন তিনি। পাশাপাশি বিষয়টি যে সরাসরি ভাবে দেশের অর্থনীতির সঙ্গে যুক্ত তাও মনে করিয়ে দেন তিনি। উল্লেখ করা যেতে পারে অস্ত্রবিরোধ জনসংখ্যা নিয়ন্ত্রণ নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য এক মিছিলে প্যামিলায়ছিলেন তিনি। জার্মানিতে কেন্দ্রীয় মন্ত্রী জানিয়েছিলেন দেশে জনসংখ্যা মাত্রাতিরিক্ত বৃদ্ধির জন্য দায়ী কয়েকটি সম্প্রদায়।

জনসংখ্যা নিয়ন্ত্রণের দাবিতে সোচ্চার গিরিরাজ সিং

কাটিহার(বিহার), ১৬ নভেম্বর (হিস.) : জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন কার্যকর হলেই রাজনীতির থেকে অবসর নেব। শনিবার জাতিতেই জনসংখ্যা নিয়ন্ত্রণ নেতা তথা কেন্দ্রীয়মন্ত্রী গিরিরাজ সিং। এদিন গিরিরাজ সিং জানিয়েছেন, 'দেশে জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন কার্যকর হলে, রাজনীতি থেকে অবসর নেব।' জনসংখ্যা নিয়ন্ত্রণ ভারতের মত দেশে যে একান্ত প্রয়োজন শনিবার এনএই দাবি করেছেন তিনি। পাশাপাশি বিষয়টি যে সরাসরি ভাবে দেশের অর্থনীতির সঙ্গে যুক্ত তাও মনে করিয়ে দেন তিনি। উল্লেখ করা যেতে পারে অস্ত্রবিরোধ জনসংখ্যা নিয়ন্ত্রণ নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য এক মিছিলে প্যামিলায়ছিলেন তিনি। জার্মানিতে কেন্দ্রীয় মন্ত্রী জানিয়েছিলেন দেশে জনসংখ্যা মাত্রাতিরিক্ত বৃদ্ধির জন্য দায়ী কয়েকটি সম্প্রদায়।

শিবসেনা, কংগ্রেস এবং এনসিপি প্রতিনিধিদের সঙ্গে রাজ্যপালের সাক্ষাৎ স্থগিত

মুম্বই, ১৬ নভেম্বর (হিস.) : মহারাষ্ট্রের অতি বৃষ্টির কারণে কৃষকদের ফসল নষ্টের বিষয়ে শনিবার শিবসেনা, কংগ্রেস এবং এনসিপি প্রতিনিধিদের সঙ্গে রাজ্যপাল ভগৎ সিং কেশিয়ারির সঙ্গে প্রস্তাবিত সাক্ষাৎ আপাতত স্থগিত রাখা হয়েছে বলে এনসিপির পক্ষ থেকে এ খবর জানানো হয়েছে। এদিন দলের পক্ষ থেকে বলা হয়েছে, এই আলোচনা সরকার গঠনের উদ্দেশ্যে ছিল না। এনসিপি'র সূত্রে খবর, এই সাক্ষাৎকার রাজ্যভবনে এদিন বিকেলে হওয়ার কথা ছিল। কিন্তু এই বৈঠক আপাতত স্থগিত রাখা হয়েছে। তিন দলের বিধায়ক এবং শীর্ষ নেতারা এদিন অতিবৃষ্টির ফলে ছয়ের পাওয়া দেখুন

চপ বিক্রোতা ও ফেলি মাফিয়ারা এখন সংবাদপত্রের কর্ণধার : প্রেস ক্লাব সভাপতি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর ।। চপ বিক্রোতা, ফেলি মাফিয়া আজ রাজ্যে সংবাদ মাধ্যমের কর্ণধার। ওঁরা সমাজ এবং দেশের প্রতি দায়বদ্ধ নন। শনিবার জাতীয় প্রেস দিবসের অনুষ্ঠানে রাজ্যের একাংশ সংবাদ মাধ্যমের মালিক-সম্পাদকদের বিরুদ্ধে এই ভাবেই ত্রোপ দাগেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি সুবল দেব। তিনি আক্ষেপ করে বলেন, তাঁদের কাছে কখনই কিছু আশা করা যায় না।

শনিবার সারা দেশের সাথে সাযুজ্য রেখে আগরতলা প্রেস ক্লাবের জাতীয় প্রেস দিবস পালিত হয়েছে। এই অনুষ্ঠানে আগরতলা প্রেস ক্লাবের সভাপতি তথা সদ্য সদ্য পত্রিকার সম্পাদক সুবল কুমার দে বলেন, দেশে সংবাদপত্র চালু করা হয়েছিল জনগণের স্বার্থ রক্ষার উদ্দেশ্যে। রাজ্যের সাংবাদিকরাও জনগণের স্বার্থে সংবাদ পরিবেশন করছেন। কিন্তু দেখা হচ্ছে, বিগত সরকারের আমলে সংবাদ মাধ্যমকে দলবাজিতে পরিণত করা হয়েছে। তিনি মনে করেন, বর্তমান রাজ্য সরকার সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাসী। তার সংবাদপত্রের স্বাধীনতা থাকলেই রাজ্যের উন্নয়ন সম্ভব।

করিমগঞ্জ আমসু আহুত অবস্থান ধর্মঘটে পুনরায় টেট পরীক্ষার দাবি, মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে স্মারকপত্র

করিমগঞ্জ (অসম), ১৬ নভেম্বর (হিস.) : করিমগঞ্জ জেলায় টিচার ইলিজিবিলিটি টেস্ট (টেট) পরীক্ষা গ্রহণে পরিণত হয়েছে। সারা অসম সংখ্যালঘু ছাত্র ইউনিয়ন (আমসু) আহুত অবস্থান ধর্মঘটে পুনরায় পরীক্ষার দাবি উঠেছে। পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী আজ শনিবার সম্পন্ন হল করিমগঞ্জ জেলা আমসু-র আহুত অবস্থান ধর্মঘট। করিমগঞ্জের অনিরাটো-কানাচে থেকে প্রায় সহস্রাধিক টেট পরীক্ষার্থীর অংশগ্রহণে অফিসপাড়া প্রায় জ্বল হয়ে পড়ে। সদ্যসমাপ্ত টেট পরীক্ষার প্রশ্নপত্র ফীস হয়ে যাওয়ায় পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। তাঁদের অভিযোগ, রাত-দিনকে এক করে পড়াশুনা করার পরও মেথারী থেকে অতি মেথারী পরীক্ষার্থীদের উত্তীর্ণ হওয়া নিয়ে যেখানে সংশয় রয়েছে, সেখানে কিছু কিছু সাধারণ পরীক্ষার্থী হাটে-বাজারে ভালো নম্বর পাবে বলে সহপাঠীদের কাছে চ্যালেঞ্জ দিয়ে কথা বলছে। আমসু নেতারা দাবি করেন, অনতিবিলম্বে প্রশ্নপত্র ফীসের সঙ্গে যুক্ত ব্যক্তিমের উচ্চস্তরের তদন্তের মাধ্যমে আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তির বিধান করতে হবে। তাঁরা আরও অভিযোগ করেন, এবার অসম মধ্য শিক্ষা পর্ষদ (সেবা) কর্তৃপক্ষ আদতে পরীক্ষার্থীদের সাথে প্রতারণা করছেন। ভুলে ভরা এবং সিলেবাস বিহীন প্রশ্ন দিয়ে মেথারী ছাত্রছাত্রীদের ভবিষ্যত নিয়ে ছিনমিনি খেলছে বোর্ড। তাঁরা বলেন, কোনও বোর্ড পরীক্ষায় উত্তরপত্র পরীক্ষার্থীদের নাম ও ফটো থাকার কথা নয়। কিন্তু অতি গুরুত্বপূর্ণ একটি পরীক্ষায় পরীক্ষার্থীদের নাম এবং ফটো উত্তরপত্রে কেন যুক্ত করা হল বলে প্রশ্ন উত্থাপন করেছেন আমসু নেতারা। আসলে এটাকে সেবার পূর্বপরিকল্পিত এক হরহাজুক যত্নবলে উল্লেখ করে সিবাইই তদন্তের দাবি জানান তাঁরা। তাঁরা জেলাশাসকের মাধ্যমে মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে একটি স্মারকপত্র প্রেরণ করে পুনরায় টেট পরীক্ষার জোরালো দাবি জানান। আজ আমসু কর্মকর্তারা শিক্ষামন্ত্রীর অপসারণ চেয়ে বিভিন্ন স্লোগান দিয়ে ধর্মঘটস্থে মুখ্যতার করে তুলেন। আমসু নেতারা সাফ জানিয়ে দেন, যদি অনতিবিলম্বে বিনা মাথুলে পুনরায় পরীক্ষা যোগ্য না করা হয়, তবে সমস্ত রাজ্যব্যাপী জোরদার গণ-আন্দোলন গড়ে তুলবেন এবং উচ্চ আদালতের দ্বারস্থ হবেন তারা।

আমসু-র আজকের ধর্মঘটে বিভিন্ন সামাজিক, রাজনৈতিক এবং অরাজনৈতিক সংগঠনের কর্মকর্তারা সমর্থন জানিয়ে উপস্থিত হয়ে বক্তব্য পেশ করেছেন। উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ তাঁর বক্তব্যে রাজ্যের শিক্ষামন্ত্রীকে নোবেল পুরস্কার পাওয়ার উপযোগী বাস্তব কটাক্ষ করেন। তিনি আন্দোলনকারীদের দাবিগুলো বিধানসভায় উত্থাপন করবেন বলে উপস্থিত সকলকে আশ্বস্ত করেন। অন্যান্যদের মধ্যে বদরপুরের বিশিষ্ট সমাজসেবী জ্যাকি জাকির হুসেন এই আন্দোলনকে পূর্ণ সমর্থন জানিয়ে ছয়ের পাওয়া দেখুন

আমলে দুই জন সাংবাদিক খুন হয়েছেন। অথচ, তাদের খুনের ন্যায় বিচারের জন্য সাংবাদিকদের রাজ্যায় নামতে হয়েছে। তিনি বলেন, ১৭০ দিন সাংবাদিকরা লাগাতার আন্দোলন করেছেন। ওই সময় বিজেপি সভাপতি রাজ্যের ক্ষমতার পরিবর্তন হলে সাংবাদিক হত্যার সিবিআই তদন্তের প্রতিশ্রুতি দিয়েছিলেন। সুবলবাবু বলেন, ওই প্রতিশ্রুতি রক্ষিত হয়েছে। রাজ্যে ক্ষমতার পরিবর্তন হতেই মুখামন্ত্রীর দায়িত্ব নিয়ে বিপ্লব কুমার দেব সাংবাদিক হত্যায় সিবিআই তদন্ত দিয়েছেন। এদিন সুবলবাবু সংবাদ মাধ্যমের দায়বদ্ধতা নিয়ে সুর চরিয়েছেন। তিনি কটাক্ষের সুরে বলেন, এখন এ রাজ্যে চপ বিক্রোতা, গাঁজা ব্যাপারি, ফেলি মাফিয়া, পিস্তল ওয়ালা, চাকু ওয়ালারা সংবাদ মাধ্যমের কর্ণধার হয়েছেন। ওঁরা এই রাজ্য, সমাজ এবং দেশের প্রতি দায়বদ্ধ নন। তাই, ওঁদের কাছে কোনও কিছুই আশা করা যায় না, বিক্রপ করে বলেন তিনি। তবুও রাজ্য সরকার তাঁদেরকে বিজ্ঞাপন প্রদান করে বাঁচিয়ে রেখেছে। এদিন তিনি বলেন, আগের মতো সংবাদপত্র এবং সাংবাদিকদের উপর এখন আক্রমণ হবে বলে আশা করি না। কিন্তু, সংবাদপত্র এবং সাংবাদিকদের উপর আক্রমণ হলে আগের মতোই আন্দোলন গড়ে তুলতে পিছুপা হব না।

এনএসএস ইউনিটের উদ্যোগে রক্তদান শিবির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ নভেম্বর ।। নেতাজি সুভাষ বিদ্যা নিকেতনের এনএসএস ইউনিটের উদ্যোগে শনিবার বিদ্যা নিকেতন এক মহতী রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধায়ক আশিস কুমার সাহা। রক্তদান উৎসবের উদ্বোধন করে বিধায়ক আশিস কুমার সাহা বলেন, রাজ্যের প্রায়শ্চৈতন্যগলিত রক্ত সঞ্চয় করা চলে না। এনএসএস মুহূর্তে এনএসএস ইউনিট এবং নেতাজি সুভাষ বিদ্যানিকেতন এলামিনি যৌথভাবে যে রক্তদান শিবির আয়োজন করেছে তা খুবই প্রাসঙ্গিক। এখানে ব্যাপক সংখ্যক ছাত্রছাত্রী সমবেত হয়েছে। যারা রক্তদান করবেন তারা অসম্পূর্ণ অনুভূতি নিয়ে ফিরবেন। যারা রক্ত দিতে পারবেন না তারা দারুণ অনুপ্রেরণা পাবেন। শুধু রক্তদান করলেই চলবে না। অন্যান্যদের রক্তদানে উৎসাহিত করার মধ্য দিয়ে রক্তদান উৎসবকে সফল করতে হবে। বিধায়ক আশিস সাহা বলেন, রক্তের অভাবে কোন মুমূর্ষ রোগীর যাতে জীবন সংশয় না হয় সেজন্য সকলকে রক্তদানে এগিয়ে আসতে আহ্বান জানিয়েছেন বিধায়ক শ্রী সাহা। তিনি বলেন, রক্তদান একটা মহৎ মানবিক কর্মসূচি। ধারাবাহিকভাবে রক্তদান এগিয়ে আসার জন্যও তিনি আহ্বান জানিয়েছেন। রক্তদান শিবিরের ছাত্রছাত্রীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

গাঁজা ও ইয়াবা সহ আটক এক

নিজস্ব প্রতিনিধি, সাক্রম, ১৬ নভেম্বর ।। সাক্রমের শ্রীনগরে এক যুবকে ইয়াবা ট্যাবলেট, আলাইশো গ্রাম গাঁজা এবং বিলিতি মগ সহ আটক করতে সক্ষম হয় বিএসএফ। অপরাধিকে বিএসএফের ৩৬ নম্বর ব্যাটেলিয়ান সাক্রম হেডকোয়ার্টারে পরিচালিত কোয়ার্টার থেকে বাজেয়াপ্ত করে প্রায় পৌনে দু'লক্ষ টাকার বাজি। বিএসএফের প্রচেষ্টাকে ব্যর্থ করেও প্রায়ই যখন বিএসএফ সীমান্তে প্যাচার কার্য সাধনের জন্য সে সমস্ত পথ বেশি ব্যয়হত হয় সে সমস্ত পথে সিসি কামেরা বসানোর সিদ্ধান্ত নেন। তারই ফলস্বরূপ আজকের এই সাফল্য হয় সে বলে জানানো হয় সীমান্তরক্ষী বাহিনীর পক্ষ থেকে। শ্রীনগর সীমান্তে যে কলেজ পড়ুয়া ছাত্রকে আটক করা হয় তার নাম গৌতম দেবনাথ। পরে জিজ্ঞাসাবাদের পর রাত আটটার সময় শ্রীনগর আউটপোস্ট পুলিশের হাতে তুলে দেওয়া হয় গৌতম দেবনাথকে।

ছয়ের পাওয়া দেখুন

চিতফাড তদন্তের এবার আরও সক্রিয় সিবিআই, নথিপত্র নিয়ে দিল্লিতে তলব কলকাতার দায়িত্বপ্রাপ্ত জয়েন্ট ডিরেক্টরকে

নয়া দিল্লি, ১৬ নভেম্বর (হিস.) : চিতফাড তদন্তের এবার জাল গুটিয়ে আনতে আরও সক্রিয় হল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। সমস্ত নথিপত্র নিয়ে দিল্লিতে সিবিআই সদর দফতরের ডেকে পাঠানো হল কলকাতার দায়িত্বপ্রাপ্ত জয়েন্ট ডিরেক্টর স্বধিকুমার গুপ্তাকে। সূত্রের খবর, বাড়তি জোর দেওয়া হয়েছে সারদা এবং রোজভ্যালি কেসলকারিতে। এতদিনকার তদন্তের সমস্ত বিস্তারিত তথ্য নিয়ে সিবিআই জয়েন্ট ডিরেক্টরকে ডাকা হয়েছে। ২০১২ সালে ওই বৈঠকে হাজির ছিলেন তৎকালীন সিআইডি অফিসার তথা বর্তমান ডিসি বন্দর ওয়াকার রাজ। তাকে সম্প্রতি জিজ্ঞাসাবাদ করে সিবিআই। তার পর কলকাতা পুলিশের অতিরিক্ত কমিশনার (৩) দময়ন্তী সেনকেও তার পার্ক স্ট্রিটের বাড়িতে গিয়ে জিজ্ঞাসাবাদ করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। দময়ন্তী সেন ২০১০ সালে কলকাতা পুলিশের মুখ্য কমিশনার (অপরাধ দমন) পদে ছিলেন। সেই সময় রোজভ্যালি সম্পর্কে একাধিক অভিযোগ জমা পড়ে তাঁর কায়ে সাহ। সেই অভিযোগের ভিত্তিতে তিনি তদন্ত নামেন। এবং রোজভ্যালি সম্পর্কে তৎকালীন গোয়েন্দা প্রধান দময়ন্তী সেন সেবিকে রিপোর্ট দিয়েছিলেন। সেই রিপোর্টের গুরুত্বপূর্ণ তথ্য জানতেই তাঁকে জিজ্ঞাসাবাদ করে সিবিআই। আবার কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার রাজীব কুমারকে নিজেদের হেফাজতে আনার কমে চেষ্টা করেননি সিবিআই অধিকারিকরা। তবে শেষ পর্যন্ত তাঁকে গ্রেপ্তার করেনি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। দফায় দফায় সন্টলেকে সিজিও কমপ্লেক্সে ডেকে তাঁকে জিজ্ঞাসাবাদ করেন অতিরিক্ত কমিশনার। বিভিন্ন নথিও পেশ করেছেন তিনি। পাশাপাশি, দময়ন্তী সেনের মতো সারদা কোলেকারি তদন্তে বড়সড় ভূমিকা নেওয়া একাধিক পুলিশ কর্তৃত্বকেও

তলব করা হয়। দীর্ঘ জিজ্ঞাসাবাদ পর্ব চলে জেরা করা হয় শাসকদল ঘনিষ্ঠ একাধিক হেডিওয়েট নেতানৈত্রীকে। আসলে প্রায় সাত, আট বছর ধরে সারদা, রোজভ্যালি, অ্যালকেমিস্ট, প্রায়গ-সহ একাধিক ভূইহেঁড় অর্থনৈতিক সংস্থার আর্থিক কেলেঙ্কারি নিয়ে তদন্ত চলছে। কিন্তু সেভাবে কিনারা এখনও কিছু হয়নি। ফলে সিবিআইয়ের কার্যক্রমটা নিয়েও প্রশ্ন উঠেছে। বিশেষত বিরোধী রাজনৈতিক দলের তরফে বারবারই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দক্ষতা নিয়ে সুরব হয়েছে। কিন্তু গত মে মাসে দ্বিতীয় মেদী সরকার কেন্দ্রে আসার পর চিতফাড তদন্ত গতি পেয়েছে। কেন্দ্রেরও লক্ষ্য, দ্রুত এর নিষ্পত্তি ঘটানো। সেই কারণেই এবার কলকাতায় সংস্থার জয়েন্ট ডিরেক্টরকে সারদার দিল্লিতে তলব করা হয়েছে। তবে কেবে তিনি দিল্লি গিয়ে সংস্থার সদর দফতরে রিপোর্ট জমা দেবেন, তা এখনও অজানা।

এক ক্লিকেই সম্পূর্ণ বাংলায় টাটকা খবর। প্রতিনিয়ত আপডেট পেতে দেখুন

Bengali News Portal
www.jagarantripura.com

মোবাইলে ইন্টারনেট সংযোগ থাকলেই খবর পড়তে পারবেন